রেজিষ্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুলাই ৮, ১৯৯৭

৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ।

## সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন

### প্রজ্ঞাপন

তারিখ, ৩১শে বৈশাখ, ১৪০৪ বাং/১৪ই মে, ১৯৯৭ ইং

এস, আর, ও নং ১১৫-আইন/৯৭—সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন) এর ধারা ২৫এ প্রদত্ত ক্ষমতাবলে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নবর্ণিত প্রবিধানমালা প্রণয়ন করিল, যথাঃ—

### অধ্যায় ১

### প্রারম্ভিক

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ।—(১) এই প্রবিধানমালা সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) প্রবিধানমালা, ১৯৯৭ নামে অভিহিত হইবে।

(২) এই প্রবিধানমালা অর্থ বাজার ইন্সট্রুমেন্ট এ বিনিয়োগের উদ্দেশ্যে গঠিত মানি মার্কেট মিউচ্যুয়াল ফান্ড ব্যতীত অন্যান্য সকল মিউচ্যুয়াল ফান্ডের প্রতি প্রযোজ্য হইবে।

২। সংজ্ঞা।—(১) বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়,—

(ক) "অর্থ বাজার ইন্সট্রুমেন্ট"-এর অন্তর্ভুক্ত হইবে স্বল্পমেয়াদী বাণিজ্যিক কাগজ, বাণিজ্য বিল, ট্রেজারী বিল, আমানত সনদ (certificate of deposit) ও ইউস্যান্স বিল;



মূল্য : টাকা ১২.০০

(খ) নিম্নবর্ণিত ব্যক্তি বা প্রতিষ্ঠান "অর্থনৈতিক অপরাধ" করিয়াছে বলিয়া গণ্য হইবে, যথাঃ—

(অ) যে ব্যক্তির নিজের বিরুদ্ধে অথবা বা তাহার অংশীদারিত্ব সম্বলিত অংশীদারী ব্যবসার বিরুদ্ধে অথবা তিনি একজন নির্বাহী কর্মকর্তা ছিলেন এইরূপ কোন কোম্পানীর বিরুদ্ধে দেউলিয়া ঘোষণার উদ্দেশ্যে আদালতে আবেদন পেশ করা হইয়াছে;

(আ) যে ব্যক্তি প্রতারণা, তহবিল তসরুফ, বিশ্বাসভংগ বা এই ধরনের অন্য কোন অপরাধের জন্য যে কোন সময় সাজাপ্রাপ্ত হইয়াছে;

(ই) যে স্বনিয়ন্ত্রিত প্রতিষ্ঠান বা উহার সমপর্যায়ের সংস্থা অথবা বিদেশী বা আন্তর্জাতিক সিকিউরিটিজ এক্সচেঞ্জ কোন পণ্য আইনে নিবন্ধিত কন্ট্রাক্ট মার্কেট কিংবা সমপর্যায়ের বিদেশী আইনানুগ মর্যাদাসম্পন্ন অথবা ফিউচার্স মার্কেটের সদস্যপদ বা উহাতে অংশগ্রহণের সুযোগ হইতে বহিষ্কৃত বা সাময়িকভাবে বরখাস্ত হইয়াছে কিংবা অনুরূপ কোন কন্ট্রাক্ট মার্কেট বা উহার বিদেশী প্রতিরূপে (equivalent) লেনদেনের সুবিধা হইতে বঞ্চিত হইয়াছে এবং বর্তমানেও বঞ্চিত আছে;

(ঈ) যে ব্যক্তির ব্যাপারে কমিশন বা অন্য কোন যথাযথ নিয়ন্ত্রণকারী সংস্থা বা বিদেশী আর্থিক নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক নিম্নবর্ণিত যে কোন ব্যবস্থা গৃহীত হইয়াছে, যথাঃ—

(১) স্টক-ব্রোকার, স্টক-ডিলার, সাব-ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধি, মিউনিসিপ্যাল বা সরকারী সিকিউরিটিজ ব্রোকার বা ডিলার হিসাবে অনধিক বার মাসের জন্য প্রত্যাখান, সাময়িকভাবে বরখাস্তকরণ, নিবন্ধন বাতিল বা প্রত্যাহার অথবা কার্যক্রম সীমিতকরণ; অথবা

(২) স্টক ব্রোকার, স্টক-ডিলার, সাব-ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধি, মিউনিসিপ্যাল বা সরকারী সিকিউরিটিজ ব্রোকার, বা ডিলার হিসাবে অনুরূপ কোন বিদেশী নাগরিকের সহিত যুক্ত থাকার ব্যাপারে অনধিক বার মাসের জন্য নিষিদ্ধকরণ বা বরখাস্তকরণ;

(৩) কোন পণ্য আইনের অধীনে নিবন্ধন প্রত্যাখ্যান, বরখাস্তকরণ বা প্রত্যাহার; অথবা

(৪) ভবিষ্যত সরবরাহের জন্য কোন পণ্য বিক্রয় চুক্তি বা অন্য কোন সামগ্রীর ব্যবসায়ের ক্ষেত্রে অথবা কোন কন্ট্রাক্ট মার্কেট, বোর্ড অব ট্রেড বা সম-মানের কোন বিদেশী সংস্থার সহিত বা উহার বিধানাবলী অনুযায়ী লেনদেনকৃত কোন ইন্সট্রুমেন্ট লেনদেন করার অধিকার প্রত্যাখ্যান, স্থগিতকরণ বা বাতিলকরণ;

(উ) যে ব্যক্তি বা প্রতিষ্ঠান নিবন্ধনের জন্য কমিশনের নিকট পেশকৃত আবেদনপত্রে কিংবা এতদসংক্রান্ত প্রয়োজনীয় কোন প্রতিবেদনে অথবা কোন যথাযথ নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট কিংবা কমিশনের নিকট নিবন্ধন সংক্রান্ত কোন কার্যক্রমে ইচ্ছাকৃতভাবে কোন প্রাসংগিক তথ্য সম্পর্কে মিথ্যা বা ভ্রান্ত তথ্য প্রদান করিয়াছে অথবা অনুরূপ কোন আবেদনপত্রে বা প্রতিবেদনে উল্লেখ করিতে হইবে এইরূপ কোন তথ্য উল্লেখ করে নাই;

(ড) যে ব্যক্তি বা প্রতিষ্ঠান নিবন্ধনের জন্য আবেদনপত্র পেশ করার পূর্ববর্তী দশ বৎসরের মধ্যে বা পরবর্তী যে কোন সময় কোন উপযুক্ত এখতিয়ারভুক্ত বিদেশী আদালত কর্তৃক নিম্নবর্ণিত যে কোন কারণে দণ্ডিত হইয়াছে, যথাঃ—

(১) যে কোন প্রকার সিকিউরিটিজের ক্রয় বা বিক্রয়, মিথ্যা শপথ গ্রহণ, মিথ্যা প্রতিবেদন প্রণয়ন, মিথ্যা সাক্ষ্য প্রদান, চুরি বা সমপর্যায়ের এইরূপ কোন কাজ যাহা সংশ্লিষ্ট দেশের, তাহা যে নামেই অভিহিত হউক না কেন, অপরাধ বলিয়া পরিগণিত অনুরূপ কর্মকাণ্ডের ষড়যন্ত্রে জড়িত থাকা;

(২) স্টক-ব্রোকার, স্টক-ডিলার, সাব-ব্রোকার, মিউনিসিপ্যাল বা সরকারী সিকিউরিটিজ ব্রোকার বা সরকরী সিকিউরিটিজ ডিলার, বিনিয়োগ উপদেষ্টা, ব্যাংক, বীমা কোম্পানী বা সিকিউরিটিজ, ট্রান্সফার এজেন্ট হিসাবে বাণিজ্যিক তৎপরতা পরিচালনাকালে কোন অপরাধ সংঘটন;

(৩) চৌর্যবৃত্তি, ডাকাতি বা ভীতি প্রদর্শনের মাধ্যমে অর্জন, প্রতারণামূলক অনুকৃতি (counterfeiting), জালিয়াতি, প্রতারণামূলক লুকায়িত-করণ, অর্থ আত্মসাৎ, প্রতারণামূলক রূপান্তর (conversion) অথবা তহবিল বা সিকিউরিটিজ তসরুফ কিংবা সমপর্যায়ের অন্য কোন কাজ তাহা সংশ্লিষ্ট দেশের আইনে যে নামেই অভিহিত হউক না কেন;

(ঋ) যে ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিনিয়োগ উপদেষ্টা, অবলেখক, স্টক-ব্রোকার, স্টক-ডিলার, সাব-ব্রোকার বা অনুমোদিত প্রতিনিধি, মিউনিসিপ্যাল বা সরকারী সিকিউরিটিজ ব্রোকার বা ডিলার বা শেয়ার ট্রান্সফার এজেন্ট হিসাবে কোন পণ্য আইনের অধীনে বা বিদেশী কোন আইন বা প্রবিধানের অধীনে নিবন্ধন প্রয়োজন, কিংবা কোন বিনিয়োগ কোম্পানী, ব্যাংক, বীমা কোম্পানী বা তৎ-সমতুল্য কোন বিদেশী ব্যক্তির সহিত সংশ্লিষ্ট ব্যক্তি বা কর্মচারী হিসাবে কোন পণ্য আইনের অধীনে বা বিদেশী কোন আইন বা প্রবিধানের অধীনে নিবন্ধন প্রয়োজন, কিন্তু উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান কোন যথাযথ আদালতের নির্দেশ, রায় বা ডিক্রি বলে স্থায়ী বা সাময়িকভাবে নিষেধাজ্ঞাপ্রাপ্ত হইয়াছে অথবা উক্তরূপ কোন কর্মকাণ্ডে নিয়োজিত থাকা বা অব্যাহতভাবে উহা চালাইয়া যাওয়া হইতে কিংবা যে কোন প্রকার সিকিউরিটিজ ক্রয়-বিক্রয় হইতে বিরত থাকার নির্দেশপ্রাপ্ত হইয়াছে;

(এ) যে ব্যক্তি বা প্রতিষ্ঠান—

(১) বিদেশী কোন আর্থিক নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট নিবন্ধনের জন্য পেশকৃত আবেদনপত্রে বা প্রতিবেদনে, কিংবা উক্ত কর্তৃপক্ষের নিকট পেশকৃত নিবন্ধন সংক্রান্ত কোন বিবরণীতে বা আবেদনপত্র পেশকালে প্রদত্ত বিবৃতিতে প্রাসঙ্গিক তথ্য সম্পর্কে মিথ্যা বক্তব্য প্রদান করিয়াছে অথবা উক্ত কর্তৃপক্ষের নিকট পেশকৃত আবেদনপত্রে বা প্রতিবেদনে প্রয়োজনীয় তথ্যের উল্লেখ করে নাই; অথবা

(২) কোন কন্ট্রাক্ট মার্কেট বা বোর্ড অফ ট্রেড বা উহার বিধিমালা অনুযায়ী লেনদেনকৃত কোন সিকিউরিটিজ লেনদেন বা ভবিষ্যতে সরবরাহের জন্য কোন সামগ্রীর বিক্রয় চুক্তি সংক্রান্ত কোন বিদেশী আইন বা প্রবিধান ভংগ করিয়াছে;

(গ) "অ্যাফিলিয়েট"-এর অন্তর্ভুক্ত এইরূপ কোম্পানীও হইবে—

(অ) যাহা নিজে কিংবা অন্যান্য ব্যক্তিদের সহিত একযোগে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী বা ট্রাস্টির উপর উল্লেখযোগ্য নিয়ন্ত্রণ প্রয়োগ করে;

(আ) যাহার উপর সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী বা ট্রাস্টি নিজে বা অন্যান্য ব্যক্তিদের সহিত একযোগে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে উল্লেখযোগ্য নিয়ন্ত্রণ প্রয়োগ করে;

(ই) যাহার উপর নিম্নবর্ণিতদের দ্বারা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে উল্লেখযোগ্য নিয়ন্ত্রণ প্রযোজ্য হয়, যথাঃ—

(১) ব্যক্তিগন বা

(২) উক্ত ব্যক্তি বা ব্যক্তিগণের আত্মীয়-স্বজন,

যাহারা নিজেরা কিংবা অন্যদের সহিত একযোগে সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী বা ট্রাস্টির উপর উল্লেখযোগ্য নিয়ন্ত্রণ প্রয়োগ করে;

ব্যাখ্যাঃ এই উপ-দফার উদ্দেশ্যে, "আত্মীয়-স্বজন" বলিতে সংশ্লিষ্ট ব্যক্তির স্ত্রী, স্বামী, ভাই, বোন, পুত্র, কন্যা, পিতা, মাতা, শ্বশুর, শাশুড়ি এবং পরিবারের সেই সকল সদস্যকে বুঝাইবে যাহারা উক্ত ব্যক্তির উপর প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নির্ভরশীল;

(ঈ) যাহাতে সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী বা ট্রাস্টির কোন পরিচালক, কর্মকর্তা বা কর্মচারী একজন পরিচালক, কর্মকর্তা বা কর্মচারী হিসাবে রহিয়াছেন;

(ঘ) "আইন" অর্থ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন);

(ঙ) "ইউনিট" অর্থ কোন মিউচ্যুয়াল ফান্ড স্কীমে বিনিয়োগকারীদের স্বার্থ যাহা উক্ত স্কীমের সম্পদের একটি অবিভক্ত অংশের প্রতিনিধিত্বকারী প্রতিটি ইউনিট লইয়া গঠিত;

(চ) "ইউনিট হোল্ডার" অর্থ কোন মিউচ্যুয়াল ফান্ড স্কীমে অংশগ্রহণকারী;

(ছ) "উল্লেখযোগ্য নিয়ন্ত্রণ" বলিতে বুঝাইবে—

(অ) একটি কোম্পানীর ক্ষেত্রে, যদি কোন ব্যক্তি বা ব্যক্তি সমষ্টির প্রত্যক্ষ বা পরোক্ষভাবে উক্ত কোম্পানীতে কমপক্ষে ১০% ভোটদানের ক্ষমতা সম্বলিত শেয়ারের মালিকানা, নিয়ন্ত্রণ বা দখল থাকে;

(আ) দুইটি কোম্পানীর ক্ষেত্রে, যদি একই ব্যক্তি বা ব্যক্তি সমষ্টির প্রত্যক্ষ বা পরোক্ষভাবে প্রত্যেকটি কোম্পানীর কমপক্ষে ১০% ভোটদানের ক্ষমতা সম্বলিত শেয়ারের মালিকানা, নিয়ন্ত্রণ বা দখল থাকে;

(জ) "ওপেন-এন্ডেড স্কীম" অর্থ কোন মিউচ্যুয়াল ফান্ডের এমন কোন স্কীম যাহার ইউনিট বিক্রয়ের জন্য প্রস্তাব করা হইয়াছে কিংবা যাহার উদ্ধারযোগ্য (redeemable) বকেয়া ইউনিট রহিয়াছে এবং যাহার ইউনিটসমূহের উদ্ধার (redemption) বা পুনঃক্রয়ের জন্য কোন মেয়াদ নির্ধারিত থাকে না;

(ঝ) "ক্লোজ-এন্ডেড স্কীম" অর্থ কোন মিউচ্যুয়াল ফান্ডের ওপেন-এন্ডেড স্কীম ব্যতীত অন্য কোন স্কীম যাহার মেয়াদ নির্ধারিত থাকে;

(ঞ) "ট্রাষ্টি" অর্থ এমন কোন ব্যক্তি বা কোম্পানী বা সংবিধিবদ্ধ সংস্থা যিনি বা যে ইউনিট হোল্ডারদের স্বার্থে মিউচ্যুয়াল ফান্ডের সম্পত্তি অছি ব্যবস্থাধীনে রাখেন বা রাখে;

(ট) "তদন্তকারী কর্মকর্তা" অর্থ প্রবিধান ৭০ এর উপ-প্রবিধান (১) এর অধীন কমিশন কর্তৃক তদন্তকারী কর্মকর্তা হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;

(ঠ) "তফসিল" অর্থ এই প্রবিধানমালার কোন তফসিল;

(ড) "পরিদর্শন কর্তৃপক্ষ" অর্থ প্রবিধান ৬০ এর উপ-প্রবিধান (১) এর অধীন কমিশন কর্তৃক পরিদর্শন কর্তৃপক্ষ হিসাবে নিযুক্ত এক বা একাধিক ব্যক্তি;

(ঢ) "ফরম" অর্থ তফসিল-১ এ প্রদত্ত কোন ফরম;

(ণ) "বিজ্ঞাপন"-এর অন্তর্ভুক্ত হইবে সকল ধরনের বিজ্ঞাপন, যাহা কোন পত্র-পত্রিকায়, প্রদর্শনী, বিজ্ঞপ্তি, প্রতীক লেবেল বা সার্কুলার আকারে সুবিন্যস্ত তালিকা বা অন্য কোন দলিল, চিত্র প্রদর্শনী বা ফটোগ্রাফিক চলচ্চিত্র হিসাবে এবং বেতার ও টেলিভিশনে প্রচারণার মাধ্যমে কিংবা অন্য কোন পন্থায় হইতে পারে;

(ত) "মিউচ্যুয়াল ফান্ড" অর্থ কোন স্পন্সর কর্তৃক ট্রাস্ট আকারে গঠিত এমন কোন ফান্ড যাহার উদ্দেশ্য এই প্রবিধানমালা অনুসারে সিকিউরিটিজে বিনিয়োগের এক বা একাধিক স্কীমের অধীনে জনসাধারণের নিকট ইউনিট বিক্রয়ের মাধ্যমে ট্রাস্টিগণ কর্তৃক অর্থ সংগ্রহ করা;

(থ) "মূলধনী লাভ" অর্থ Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এ "capital gain" যে অর্থে ব্যবহৃত হইয়াছে তাহা;

(দ) "সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী" অর্থ মিউচ্যুয়াল ফান্ড ব্যবস্থাপনা ও উহার স্কীম-সমূহ পরিচালনার উদ্দেশ্যে কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীন গঠিত ও নিবন্ধিত এবং প্রবিধান ২০ এর অধীন কমিশন কর্তৃক অনুমোদিত কোন কোম্পানী;

(ধ) "স্পন্সর" অর্থ কোন সংবিধিবদ্ধ সংস্থা বা কোম্পানী যে এককভাবে বা অন্য কোন সংবিধিবদ্ধ সংস্থা বা কোম্পানীর সহিত লিখিতভাবে কোন মিউচ্যুয়াল ফান্ড গঠন করে;

(ন) "হেফাজতকারী" অর্থ এমন কোন ব্যক্তি, ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান যে সিকিউরিটিজ হেফাজত রাখার কর্মে নিয়োজিত থাকে কিংবা গ্রাহকের পক্ষে সিকিউরিটিজ সরবরাহের উদ্দেশ্যে ক্লিয়ারিং পদ্ধতিতে অংশগ্রহণ করে।

(২) এই প্রবিধানমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির (expression) সংজ্ঞা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি যে অর্থে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন), Securities and Exchange Ordinance, 1969 (XVII of 1969) এবং কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন)-এ ব্যবহৃত হইয়াছে সেই অর্থে ব্যবহৃত হইবে।

## অধ্যায় ২

## মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধন

৩। **মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধনের আবেদন।**—(১) প্রত্যেকটি মিউচ্যুয়াল ফান্ড কমিশন কর্তৃক নিবন্ধিত হইতে হইবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন কোন মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধনের জন্য স্পন্সর কর্তৃক ফরম 'ক'তে কমিশনের নিকট আবেদন করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, এই প্রবিধানমালা প্রবর্তনের পূর্বে কোন স্পনসর মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধনের জন্য কমিশনের নিকট আবেদন করিয়া থাকিলে তাহা এই উপ-প্রবিধানের অধীন আবেদনপত্র বলিয়া গণ্য হইবে এবং তদনুযায়ী উহা নিষ্পত্তি করা হইবে, তবে উক্ত আবেদনপত্রের সহিত প্রদত্ত ফি প্রবিধান ৪-এ উল্লিখিত ফি'র সমান হইতে হইবে।

৪। **আবেদন ফি।**—প্রবিধান ৩ এর অধীন প্রত্যেকটি আবেদনপত্রের সহিত তফসিল ২ এ নির্ধারিত আবেদন ফি কমিশন বরাবরে পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট আকারে প্রদান করিতে হইবে, অন্যথায় কোন আবেদনপত্র বিবেচিত হইবে না।

৫। **আবেদনপত্র পূর্ণাংগ তথ্য সম্বলিত হইতে হইবে।**—প্রবিধান ৩ এর অধীন প্রত্যেকটি আবেদনপত্র তজ্জন্য নির্ধারিত ফরমে বর্ণিত নির্দেশাবলী অনুযায়ী পূর্ণাংগ তথ্য সম্বলিত হইতে হইবে, অন্যথায় আবেদনপত্র বাতিলযোগ্য হইবে; তবে শর্ত থাকে যে কোন আবেদনপত্র বাতিল করার পূর্বে কমিশন কর্তৃক উত্থাপিত আপত্তি তৎকর্তৃপক্ষ নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করার জন্য আবেদনকারীকে আবেদনপত্র প্রাপ্তির তারিখ হইতে পনর দিনের মধ্যে লিখিতভাবে জানাইতে হইবে।

৬। **অতিরিক্ত তথ্য বা ব্যাখ্যা তলব ও শুনানী।**—(১) কমিশন কোন মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধনের জন্য প্রয়োজন মনে করিলে স্পন্সর কর্তৃক তাহার আবেদনপত্রে প্রদত্ত তথ্যের অতিরিক্ত কোন তথ্য বা প্রদত্ত তথ্যের ব্যাখ্যা তলব করিতে পারিবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন কোন তথ্য বা উহার ব্যাখ্যা তলব করা হইলে স্পন্সর অথবা তাহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন প্রতিনিধি কমিশনের সম্মুখে উপস্থিত হইয়া ব্যক্তিগত শুনানীর মাধ্যমে উক্ত তথ্য বা ব্যাখ্যা প্রদান করিতে পারিবে।

৭। **আবেদনপত্র বিবেচনা।**—প্রবিধান ৩ এর অধীন প্রাপ্ত সকল আবেদনপত্র কমিশন যথাযথ-ভাবে বিবেচনা করিবে এবং আবেদনপত্র প্রাপ্তির অনধিক নব্বই দিনের মধ্যে কমিশন তৎসম্পর্কে উহার সিদ্ধান্ত প্রদান করিবেঃ

তবে শর্ত থাকে যে, প্রবিধান ৬ এর অধীন কোন অতিরিক্ত তথ্য বা ব্যাখ্যা তলব করা হইলে উহা প্রদানের তারিখ হইতে উক্ত নব্বই দিন গণনা করা হইবে।

৮। **নিবন্ধন মঞ্জুরীর জন্য বিবেচ্য বিষয়সমূহ।**—কোন মিউচ্যুয়াল ফান্ডের নিবন্ধন মঞ্জুরীর উদ্দেশ্যে কমিশন উক্ত মিউচ্যুয়াল ফান্ডের কার্যক্রম দক্ষ ও সুষ্ঠুভাবে পরিচালনার সহিত সংশ্লিষ্ট সকল বিষয়, বিশেষ করিয়া নিম্নবর্ণিত বিষয়সমূহ পরীক্ষা করিয়া দেখিবে, যথাঃ—

(ক) প্রাসঙ্গিক অর্থনৈতিক কর্মকান্ডে স্পনসরের কমপক্ষে ৫ বৎসরের সাউন্ড ট্র্যাক রেকর্ড, পেশাগত যোগ্যতা, অর্থনৈতিক সক্ষমতা, পক্ষপাতহীনতা ও বিশ্বস্ততা এবং সকল বাণিজ্যিক লেনদেন সম্পাদনে সাধারন সুখ্যাতি এবং কোন খেলাপী ঋণ আছে কিনা;

**ব্যাখ্যাঃ** এই দফার উদ্দেশ্যে, "সাউন্ড ট্র্যাক রেকর্ড" বলিতে নীট সম্পদ মূল্য, লভ্যাংশ প্রদানের ক্ষমতা এবং মুনাফা অর্জনের ক্ষমতা বুঝাইবে;

(খ) উক্ত মিউচ্যুয়াল ফান্ড ট্রাস্ট আকারে গঠিত হইয়াছে কি না এবং কমিশন কর্তৃক উহার ট্রাস্ট দলিল অনুমোদিত হইয়াছে কি না;

(গ) উক্ত মিউচ্যুয়াল ফান্ডের ব্যবস্থাপনা কমিশনের অনুমোদনপ্রাপ্ত কোন সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী দ্বারা করা হইবে কি না;

(ঘ) উক্ত মিউচ্যুয়াল ফান্ডের কোন স্কীমের জন্য সংগৃহীতব্য ন্যূনতম অর্থের অন্ততঃ ৪০% ভাগ স্পনসর প্রদান করিয়াছে বা করিবে কি না;

(ঙ) স্পনসর বা উহার পরিচালকদের তাহারা যেভাবেই অভিহিত হউক না কেন, কেহ অথবা মিউচ্যুয়াল ফান্ড কর্তৃক নিযুক্ত প্রিন্সিপাল অফিসার বা উহার বাণিজ্যিক কার্যক্রমের ব্যবস্থাপনার সহিত যুক্ত অন্য কোন ব্যক্তি কখনও নৈতিক স্খলন জনিত বা অর্থনৈতিক অপরাধের জন্য দোষী হইয়াছেন কি না।

৯। **নিবন্ধন মঞ্জুরী।**—(১) প্রবিধান ৮ অনুসারে পরীক্ষা-নিরীক্ষার পর কমিশনের নিকট কোন মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধনের উপযুক্ত বিবেচিত হইলে উক্ত মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধন করা হইবেঃ

তবে শর্ত থাকে যে, উক্তরূপ নিবন্ধনের পূর্বে তফসিল ২ এ নির্ধারিত নিবন্ধন ফি কমিশন বরাবরে পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট আকারে জমা প্রদান করিতে হইবে।

(২) কোন মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধন করা হইলে কমিশন ফরম 'খ'-তে একটি নিবন্ধন সার্টিফিকেট প্রদান করিবে।

১০। **বার্ষিক ফি।**—(১) এই প্রবিধানমালার অধীন নিবন্ধিত প্রত্যেকটি মিউচ্যুয়াল ফান্ড প্রত্যেক অর্থ বৎসরের জন্য তফসিল-২ এ নির্ধারিত বার্ষিক ফি প্রদান করিবে।

(২) প্রত্যেক অর্থ বৎসর শুরু হইবার পূর্বে বার্ষিক ফি কমিশন বরাবরে পে-অর্ডার বা ব্যাংক ড্রাফট আকারে প্রদান করিতে হইবে।

১১। **বার্ষিক ফি প্রদানে ব্যর্থতা।**—(১) প্রবিধান ১০ এর উপ-প্রবিধান (২) অনুযায়ী কোন মিউচ্যুয়াল ফান্ড বার্ষিক ফি প্রদানে ব্যর্থ হইলে, কমিশন উক্ত মিউচ্যুয়াল ফান্ডকে বকেয়া ফি পরিশোধ করার পূর্বে নূতন কোন স্কীম গ্রহণ করা হইতে বিরত থাকার জন্য নির্দেশ প্রদান করিতে পারিবে।

(২) এই প্রবিধানমালার কোন বিধান ক্ষুণ্ণ না করিয়া, কমিশন যদি ফি প্রদানে বিলম্বের কারণ সন্তোষজনক মনে করে, তাহা হইলে কোন মিউচ্যুয়াল ফান্ডকে অর্থ বৎসর শুরু হইবার পরবর্তী ষাট দিনের মধ্যে যে কোন সময় সংশ্লিষ্ট ফি প্রদান করার অনুমতি প্রদান করিতে পারিবে।

১২। **নিবন্ধিত মিউচ্যুয়াল ফান্ড কর্তৃক পালনীয় বিষয়সমূহ।**—প্রবিধান ৯ এর অধীন নিবন্ধিত প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ডের স্পন্সর, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী এবং হেফাজতকারী—

(ক) এই প্রবিধানমালার বিধানাবলী মানিয়া চলিবে;

(খ) কমিশনের নিকট পূর্বে পেশকৃত তথ্য বস্তুগতভাবে ভ্রান্তিপূর্ণ বা অসত্য বলিয়া অবহিত হওয়া মাত্র উহা কমিশনকে জানাইবে;

(গ) কমিশন কর্তৃক প্রদত্ত নিবন্ধনের সহিত সংশ্লিষ্ট ইতিপূর্বে পেশকৃত কোন তথ্য বা বিবরণীতে কোন বস্তুগত পরিবর্তন ঘটিলে অনতিবিলম্বে উহা কমিশনকে অবহিত করিবে;

(ঘ) কমিশন কর্তৃক তদন্তকালে উহার সকল পরিচালক, কর্মকর্তা ও অন্যান্য কর্মচারীকে জেরা করার অনুমতিসহ এই ব্যাপারে সর্বাত্মক সহযোগিতা প্রদান করিবে;

(ঙ) তদন্তের প্রয়োজনে কমিশন কর্তৃক তলবকৃত হিসাবরক্ষণ বই, দলিলপত্র এবং অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি কমিশনের নিকট উপস্থাপন করিবে।

১৩। **নিবন্ধন মঞ্জুর না হওয়ার ক্ষেত্রে করণীয়।**—(১) প্রবিধান-৮ এ উল্লিখিত বিষয়সমূহের আলোকে কমিশনের নিকট কোন মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধনের অনুপযুক্ত বিবেচিত হইলে কমিশন তৎসংক্রান্ত আবেদনপত্র বাতিল করিতে পারিবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন কোন আবেদনপত্র বাতিল করা হইলে কমিশন উহার কারণসহ সিদ্ধান্ত আবেদনকারীকে লিখিতভাবে জানাইয়া দিবে।

(৩) উপ-প্রবিধান (২) এর অধীন কমিশন কর্তৃক গৃহীত সিদ্ধান্তে সংক্ষুব্ধ ব্যক্তি উহা অবহিত হইবার ত্রিশ দিনের মধ্যে সিদ্ধান্ত পুনর্বিবেচনার অনুরোধ জানাইয়া কমিশনের নিকট আবেদন করিতে পারিবে।

(৪) উপ-প্রবিধান (৩) এর অধীন কোন আবেদনপত্র প্রাপ্ত হইলে কমিশন উহা পুনর্বিবেচনা করিয়া দেখিবে এবং প্রয়োজনবোধে আবেদনকারীকে ব্যক্তিগত ব্যাখ্যা বা শুনানীর সুযোগ প্রদান পূর্বক কমিশন আবেদনপত্র প্রাপ্তির বা, ক্ষেত্রমত, ব্যক্তিগত ব্যাখ্যা বা শুনানী গ্রহণের তারিখ হইতে ত্রিশ দিনের মধ্যে লিখিতভাবে উহার সিদ্ধান্ত আবেদনকারীকে জানাইয়া দিবে।

## অধ্যায় ৩

## মিউচ্যুয়াল ফান্ড গঠন ও ব্যবস্থাপনা

১৪। **মিউচ্যুয়াল ফান্ড গঠন পদ্ধতি**।—(১) উপ-প্রবিধান (২) এর বিধান সাপেক্ষে, প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড Trust Act, 1882 (II of 1882) এর অধীন ট্রাস্ট আকারে গঠন করিতে হইবে।

(২) উপ-প্রবিধান (১) এ যাহাই থাকুক না কেন, কান্ট্রি মিউচ্যুয়াল ফান্ড যে দেশে তালিকাভুক্ত হইবে সেই দেশের আইন অনুযায়ী গঠন করা যাইবে।

(৩) কমিশন সরকারী গেজেটে বিজ্ঞপ্তি দ্বারা মিউচ্যুয়াল ফান্ড সংক্রান্ত অন্যান্য নীতিমালা (guideline) প্রণয়ন করিতে পারিবে।

১৫। **ট্রাস্টি নিয়োগ**।—(১) মিউচ্যুয়াল ফান্ডের ব্যবস্থাপনার জন্য কোন কোম্পানীকে ট্রাস্টি হিসাবে নিয়োগ করিতে হইবে এবং বিশেষ বিবেচনায় কমিশন কোন মিউচ্যুয়াল ফান্ডের জন্য একাধিক ট্রাস্টি সমন্বয়ে একটি ট্রাস্টি বোর্ড নিয়োগের অনুমতি প্রদান করিতে পারিবে।

(২) ট্রাস্টি, অন্যান্য বিষয়ের মধ্যে, নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে নিয়োগ করা হইবে, যথা:—

(ক) ট্রাস্টির অথবা ট্রাস্টি কোম্পানী ব্যবস্থাপনায় যাহারা নিয়োজিত তাহাদের আর্থিক কর্মকান্ডে অভিজ্ঞতা থাকিতে হইবে এবং তাহাদের কেহ অর্থনৈতিক অপরাধে দোষী এবং খেলাপী ঋণ গ্রহীতা হইতে পারিবে না;

(খ) কমিশনের নিকট ট্রাস্টির নাম অনুমোদনের জন্য প্রেরণ করিতে হইবে;

(গ) ট্রাস্টি নিয়োগের ক্ষেত্রে যে কোন পরিবর্তনের জন্য কমিশনের অনুমোদন গ্রহণ করিতে হইবে;

(ঘ) কোন ট্রাস্টি তাহার স্থলে অন্য কোন ট্রাস্টি নিযুক্ত না হওয়া পর্যন্ত অবসর গ্রহণ করিতে পারিবে না;

(ঙ) কমপক্ষে শতকরা পঞ্চাশ ভাগ ট্রাস্টিকে নিরপেক্ষ সদস্য হইতে হইবে এবং অনুরূপ কোন ট্রাস্টি স্পন্সরের অ্যাফিলিয়েট বা সহযোগী হইতে পারিবে না তবে বিশেষ পরিস্থিতি ও জনস্বার্থে কমিশন কোন ট্রাস্টির ক্ষেত্রে এই দফার শর্ত শিথিল করিতে পারিবে।

১৬। **ট্রাস্ট দলিল নিবন্ধন আইনের অধীন নিবন্ধিত হইতে হইবে**।—(১) কোন মিউচ্যুয়াল ফান্ড গঠনের উদ্দেশ্যে ট্রাস্ট দলিল Registration Act, 1908 (XVI of 1908) এর অধীন যথাযথভাবে নিবন্ধিত হইতে হইবে, উক্ত দলিল ট্রাস্টির বরাবরে স্পন্সর কর্তৃক সম্পাদিত হইতে হইবে এবং উহাতে তফসিল-৩-এ বর্ণিত বিষয়সমূহ উল্লেখ করিতে হইবে।

(২) কোন ট্রাস্ট দলিলে এমন কোন বিষয়ের উল্লেখ থাকিবে না যাহা—

(ক) কোন মিউচ্যুয়াল ফান্ড বা উহার ইউনিট হোল্ডারদের সম্পর্কে ট্রাস্টের দায়দায়িত্ব ও বাধ্যবাধকতা সীমাবদ্ধ করিবে বা উহার অবসান ঘটাইবে; অথবা

(খ) ট্রাস্টি বা সম্পদ ব্যবস্থাপনা কোম্পানীর কার্যে অবহেলা বা তৎকর্তৃক কোন কার্য করা বা না করার কারণে ইউনিট হোল্ডারদের লোকসান ও ক্ষতি সাধিত হইবার পরও উহার দায়দায়িত্ব হইতে ট্রাস্টি ও সম্পদ ব্যবস্থাপনা কোম্পানীকে অব্যাহতি দান করিবে।

(৩) মিউচুয়াল ফান্ডের নিবন্ধিত দফতরে কিংবা প্রধান বাণিজ্যিক কার্যালয়ে ট্রাস্ট দলিল সর্বসাধারণের জন্য উন্মুক্ত রাখিতে হইবে এবং কেহ চাহিলে তাহাকে নির্ধারিত মূল্যে উক্ত দলিলের কপি সরবরাহ করিতে হইবে।

১৭। ট্রাস্টিগণের দায়-দায়িত্ব।—(১) ট্রাস্ট পরিচালনার সহিত সম্পর্কিত যে কোন তথ্য সম্পদ ব্যবস্থাপনা কোম্পানীর নিকট হইতে লাভের অধিকার ট্রাস্টিগণের থাকিবে এবং তাহারা সম্পদ ব্যবস্থাপনা কোম্পানীর নিকট সময় সময় সাময়িক প্রতিবেদন চাহিতে পারিবে।

(২) কোন ট্রাস্টি যদি কখনও মনে করে যে মিউচুয়াল ফান্ডের কার্যক্রম এই প্রবিধানমালা অনুযায়ী পরিচালিত হইতেছে না, তাহা হইলে তৎক্ষণাৎ উক্ত ট্রাস্টি পরিস্থিতি সংশোধনের উদ্দেশ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে এবং কমিশনকে তৎসম্পর্কে অবহিত করিবে।

(৩) ট্রাস্টিগণ অর্জন ও হস্তান্তরের জন্য প্রয়োজনীয় সকল দলিল সম্পাদনের ব্যবস্থা গ্রহণ করিবে এবং সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী কর্তৃক লেনদেন যেন যথাযথভাবে এবং এই প্রবিধানমালা অনুসারে সম্পাদিত হয় তাহা নিশ্চিত করিবে।

(৪) সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী কর্তৃক এই প্রবিধানমালা মানিয়া চলার জন্য ট্রাস্টিগণ দায়ী থাকিবে।

(৫) ট্রাস্টিগণ, কমিশনের অনুমোদনক্রমে, সম্পদ ব্যবস্থাপনা কোম্পানীর সহিত তফসিল ৪ এ বর্ণিত বিষয়সমূহ এবং মিউচুয়াল ফান্ডের তহবিল বিনিয়োগের জন্য প্রয়োজনীয় অন্যান্য বিষয় সম্বলিত একটি চুক্তি সম্পাদন করিবে।

(৬) ট্রাস্টিগণ মিউচুয়াল ফান্ডের স্কীমের সম্পদের জন্য দায়ী ও হেফাজতকারী হইবে এবং এই প্রবিধানমালা ও ট্রাস্ট দলিল অনুযায়ী ইউনিট হোল্ডারদের স্বার্থে অছি হিসাবে সম্পদ অধিকারে রাখিবে।

(৭) মিউচুয়াল ফান্ডের সকল লেনদেন যাহাতে ট্রাস্ট দলিল ও এই প্রবিধানমালার তফসিল ৩-অনুযায়ী পরিচালিত হয় তাহা ট্রাস্টিগণ নিশ্চিত করিবে।

(৮) এই প্রবিধানমালা ও ট্রাস্ট দলিল অনুযায়ী মিউচুয়াল ফান্ডে প্রদেয় কোন অর্থ এবং কোন স্কীমের ইউনিট হোল্ডারদের পক্ষে মিউচুয়াল ফান্ডে গৃহীত কোন অর্থের হিসাবের জন্য ট্রাস্টিগণ দায়ী থাকিবে।

(৯) মিউচুয়াল ফান্ডের কর্মকান্ড সম্পর্কে ট্রাস্টিগণ সম্পদ ব্যবস্থাপনা কোম্পানীর নিকট হইতে ত্রৈমাসিক প্রতিবেদন গ্রহণ করিবে এবং কমিশনের নিকট ষান্মাসিক প্রতিবেদন পেশ করিবে।

(১০) নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহে ট্রাস্টিগণ ইউনিট হোল্ডারদের সভা আহবান করিবে, যথাঃ—

(ক) ইউনিট হোল্ডারদের স্বার্থে কমিশন সভা আহবানের নির্দেশ প্রদান করিলে;

(খ) কোন একটি স্কীম বা সকল স্কীমের ইউনিট হোল্ডারদের তিন-চতুর্থাংশ সভা তলব করিলে; অথবা

(গ) ট্রাস্টিগণের সংখ্যাগরিষ্ঠ অংশ কোন স্কীম গুটাইয়া ফেলিতে বা যথাসময়ের পূর্বেই ইউনিটসমূহের মূল্য পরিশোধ (redeem) করিতে কিংবা কোন স্কীম সংশোধন (modify) করিতে চাহিলে।

১৮। **সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী হিসাবে অনুমোদন লাভের আবেদন।**—(১) সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী হিসাবে অনুমোদন লাভের জন্য ফরম 'ক'তে কমিশনের নিকট আবেদন করিতে হইবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন আবেদনপত্রের সহিত সম্পদ ব্যবস্থাপনা কোম্পানীর মেমোরেন্ডাম ও আর্টিকেলস অব অ্যাসোসিয়েশন কমিশনের নিকট দাখিল করিতে হইবে।

(৩) প্রবিধান ৫, ৬ ও ৭ এর বিধানাবলী উপ-প্রবিধান (১)-এর অধীন আবেদনপত্রের ক্ষেত্রে, যতদূর সম্ভব, প্রযোজ্য হইবে।

১৯। **সম্পদ ব্যবস্থাপনা কোম্পানীর নিয়োগ।**—(১) স্পন্সর নিজে কিংবা, ট্রাস্ট দলিল বলে ক্ষমতাবান হইলে, ট্রাস্টি মিউচ্যুয়াল ফান্ডের কার্যক্রম ব্যবস্থাপনা ও উহার স্কীম পরিচালনার উদ্দেশ্যে কমিশনের অনুমোদনপ্রাপ্ত কোন সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী নিয়োগ করিবে।

(২) সংখ্যাগরিষ্ঠ ট্রাস্টি অথবা স্কীমের তিন-চতুর্থাংশ ইউনিট হোল্ডারের সম্মতিতে কোন সম্পদ ব্যবস্থাপনা কাম্পানীর নিয়োগ বাতিল করা যাইবে।

(৩) সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী নিয়োগের ক্ষেত্রে যে কোন পরিবর্তন কমিশনের পূর্ব অনুমোদনক্রমে হইতে হইবে।

২০। **সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী হিসাবে অনুমোদন।**—(১) কোন সম্পদ ব্যবস্থাপনা কোম্পানীকে অনুমোদন প্রদানের জন্য কমিশন উক্ত কোম্পানীর কার্যাবলী দক্ষ ও সুশৃংখলারূপে পরিচালনার সহিত সংশ্লিষ্ট সকল বিষয় বিবেচনা করিবে, বিশেষ করিয়া কমিশনের অনুমোদন লাভের জন্য কোন সম্পদ ব্যবস্থাপনা কোম্পানীর—

(ক) সাউন্ড ট্রাক রেকর্ড এবং লেনদেন ও কর্মে সততা ও সাধারণ সুখ্যাতি থাকিতে হইবে;

**ব্যাখ্যাঃ** এই দফার উদ্দেশ্যে, "সাউন্ড ট্রাক রেকর্ড" বলিতে নীট সম্পদ মূল্য, লভ্যাংশ প্রদানের ক্ষমতা এবং মুনাফা অর্জনের ক্ষমতা বুঝাইবে;

(খ) পরিচালকগণের সুখ্যাতি ও উচ্চ অবস্থানের অধিকারী হইতে হইবে এবং পোর্ট-ফোলিও ব্যবস্থাপনা, বিনিয়োগ বিশ্লেষণ, আর্থিক প্রশাসনসহ সংশ্লিষ্ট ক্ষেত্রসমূহে তাহাদের অনূন ৫ বৎসরের পেশাগত অভিজ্ঞতা থাকিতে হইবে এবং কোন খেলাপী ঋণ থাকিতে পারিবে না;

(গ) পরিচালকগণের অন্ততঃ শতকরা পঞ্চাশ ভাগ অ্যাফিলিয়েট কিংবা অন্য কোন প্রকারে স্পন্সরের অধীনস্থ কোন কোম্পানী বা ট্রাস্টির সহিত কোনভাবে সম্পর্কিত হইতে পারিবেন না;

(ঘ) চেয়ারম্যান কোন ট্রাস্টি কোম্পানীর পরিচালক কিংবা ট্রাস্টি বোর্ডের সদস্য হইতে পারিবেন না;

(ঙ) কমপক্ষে তিন কোটি টাকার নীট সম্পদ থাকিতে হইবে।

**ব্যাখ্যা :** এই দফার উদ্দেশ্যে "নীট সম্পদ" বলিতে কোম্পানীর পরিশোধিত মূলধন ও মুক্ত (free) রিজার্ভ বুঝাইবে।

(২) কমিশন বিশেষ পরিস্থিতিতে এবং জনস্বার্থে উপ-প্রবিধান (১) এর বিধানাবলী যে কোন সম্পদ ব্যবস্থাপনা কোম্পানীর ক্ষেত্রে শিথিল করিতে পারিবে।

২১। **সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী হিসাবে অনুমোদন লাভের শর্তাবলী।**—প্রবিধান ২০-এর অধীন সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী হিসাবে অনুমোদন লাভের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী প্রযোজ্য হইবে, যথা :—

(ক) মিউচ্যুয়াল ফান্ড ব্যবস্থাপনায় সম্পদ ব্যবস্থাপনা কোম্পানীর পর্যাপ্ত অভিজ্ঞতা-সম্পন্ন পেশাদার লোকবল থাকিতে হইবে;

(খ) কমিশনের নিকট সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী কর্তৃক পেশকৃত তথ্য ও বিবরণীতে কোন প্রকার বস্তুগত পরিবর্তন ঘটিলে সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী তৎক্ষনাৎ সেই সম্পর্কে কমিশনকে অবহিত করিবে;

(গ) কমিশনের পূর্ব অনুমোদন ব্যতীত সম্পদ ব্যবস্থাপনা কোম্পানীর ব্যবস্থাপনায় কোন প্রকার পরিবর্তন করা যাইবে না;

(ঘ) সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী এই প্রবিধানমালা মানিয়া চলিতে বাধ্য থাকিবে।

২২। **অনুমোদনের আবেদন না-মঞ্জুর হওয়ার ক্ষেত্রে করণীয়।**—(১) প্রবিধান ১৮ এর অধীন অনুমোদন লাভের জন্য পেশকৃত কোন আবেদনপত্র প্রবিধান ২০ এ বর্ণিত শর্তাবলী পূরণ না করিলে কমিশন আবেদনপত্রটি বাতিল করিতে পারিবে।

(২) আবেদনপত্র বাতিল করার সিদ্ধান্ত উহার কারণসহ কমিশন লিখিতভাবে আবেদন-কারীকে জানাইয়া দিবে।

(৩) উপ-প্রবিধান (১) এর অধীন কমিশন কর্তৃক সিদ্ধান্তে সংক্ষুব্ধ আবেদনকারী উক্ত সিদ্ধান্ত অবগত হওয়ার ত্রিশ দিনের মধ্যে সিদ্ধান্ত পুনর্বিবেচনার অনুরোধ জানাইয়া কমিশনের নিকট আবেদন করিতে পারিবে।

(৪) উপ-প্রবিধান (৩)-এর অধীন পেশকৃত আবেদনপত্রে বর্ণিত বক্তব্যের ভিত্তিতে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে ব্যক্তিগত শুনানীর সুযোগদানের পর যথাশীঘ্র সম্ভব, তবে আবেদনপত্র প্রাপ্তির বা, ক্ষেত্রমত, ব্যক্তিগত শুনানীর গ্রহণের ত্রিশ দিনের পরে নহে, কমিশন উহার সিদ্ধান্ত আবেদন-কারীকে লিখিতভাবে জানাইয়া দিবে।

২৩। **সম্পদ ব্যবস্থাপনা কোম্পানীর বাণিজ্যিক তৎপরতার উপর বিধিনিষেধ।**—(১) উপ-প্রবিধান (২) এর বিধানাবলী সাপেক্ষে, কোন সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী—

(ক) কোন মিউচ্যুয়াল ফান্ডের ট্রাস্টি হিসাবে কাজ করিতে পারিবে না;

(খ) অর্থনৈতিক কর্মকান্ড, পরামর্শদান এবং বাণিজ্যিক ভিত্তিতে গবেষণা বিনিময় ব্যতীত, মিউচ্যুয়াল ফান্ডের কার্যক্রমের সহিত সংঘাত ঘটে এইরূপ কোন বাণিজ্যিক কার্যক্রম গ্রহণ বা পরিচালনা করিতে পারিবে না।

(২) উপ-প্রবিধান (১) এ যাহাই থাকুক না কেন, কমিশন বিশেষ পরিস্থিতিতে এবং জনস্বার্থে কোন সম্পদ ব্যবস্থাপনা কোম্পানীকে কোন মিউচ্যুয়াল ফান্ডের ট্রাস্টি হিসাবে কাজ করার অনুমতি প্রদান করিতে পারিবে।

২৪। **সম্পদ ব্যবস্থাপনা কোম্পানীর দায়দায়িত্ব।**—(১) সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী যুক্তিসংগত ও প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ করিবে এবং কোন স্কীমের সহিত সংশ্লিষ্ট তহবিলের বিনিয়োগ যেন এই প্রবিধানমালা ও ট্রাস্ট দলিলের পরিপন্থী না হয় উহা নিশ্চিত করিবে।

(২) সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী উহার কাজে নিয়োজিত সকল কর্মকর্তা, কর্মচারী ও অন্যান্য ব্যক্তির কাজের জন্য দায়ী থাকিবে।

(৩) সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী উহার কার্যক্রম সম্পর্কে প্রতি বৎসর ৩১ মার্চ, ৩০ জুন, ৩০ সেপ্টেম্বর এবং ৩১ ডিসেম্বর তারিখের পরবর্তী ১৫ দিনের মধ্যে ট্রাস্টির নিকট ত্রৈমাসিক প্রতিবেদন পেশ করিবে।

(৪) সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী নিম্নবর্ণিত সকল বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও উহার ব্যয়ভার বহন করিবে, যথাঃ—

(ক) দফতরের স্থান এবং সিকিউরিটি বিশ্লেষক ও পোর্টফোলিও ম্যানেজারসহ সকল কর্মচারী;

(খ) নিয়ন্ত্রণমূলক প্রতিপালন ও প্রতিবেদন সংক্রান্ত সেবাসমূহ;

(গ) মিউচ্যুয়াল ফান্ডের প্রসপেক্টাস, বার্ষিক ও সাময়িক প্রতিবেদন এবং বিনিয়োগকারীর জন্য অন্যান্য পত্রাদি প্রণয়ন ও বিতরণ;

(ঘ) বিজ্ঞাপন ও অন্যান্য বিক্রয় সামগ্রী;

(ঙ) হিসাবরক্ষণ কার্যক্রম ও কর রিটার্ন প্রণয়ন; এবং

(চ) বীমা ও অন্যান্য সেবাসমূহ।

(৫) সম্পদ ব্যবস্থাপনা কোম্পানীর নিকট হইতে যুক্তিসংগত নোটিস পাওয়ার পর ট্রাস্টিগণ যে কোন সময় উক্ত কোম্পানীকে মিউচ্যুয়াল ফান্ডের ব্যবস্থাপনা হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে তবে এই সম্পর্কে লিখিতভাবে উক্ত কোম্পানীকে জানাইয়া দেওয়ার পরই কেবল ইহা কার্যকর হইবে।

(৬) কোন চুক্তিতে যাহাই থাকুক না কেন, কোন সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী বা উহার পরিচালক বা কর্মকর্তা স্ব স্ব পদে নিয়োজিত থাকাকালীন সময়ে নিজ নিজ কর্ম বা বিচ্যুতির জন্য মিউচ্যুয়াল ফান্ডের প্রতি স্ব স্ব দায়দায়িত্ব হইতে অব্যাহতি পাইবে না।

২৫। **হেফাজতকারী।**—প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ডের জন্য একজন হেফাজতকারী থাকিবে যে বা যাহার কোন পরিচালক বা অংশীদার প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোন সম্পদ ব্যবস্থাপনা কোম্পানীর সহিত সম্পর্কযুক্ত হইতে পারিবে না।

**২৬। হেফাজতকারী হিসাবে অনুমোদন।**—(১) হেফাজতকারী হিসাবে অনুমোদন লাভের জন্য ফরম 'ক' এ কমিশনের নিকট আবেদন করিতে হইবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন আবেদনপত্রের ক্ষেত্রে প্রবিধান ৫, ৬ ও ৭ এর বিধানাবলী যতদূর সম্ভব, প্রযোজ্য হইবে।

(৩) কমিশন অনুমোদন প্রদানের উদ্দেশ্যে কোন হেফাজতকারীর কার্যক্রমের দক্ষ ও সুশৃংখল আচরণসহ সকল বিষয় বিবেচনা করিবে, বিশেষ করিয়া অনুমোদন লাভের জন্য কোন হেফাজতকারীর—

(ক) সাউন্ড ট্রাক রেকর্ড এবং লেনদেনে সততার সুখ্যাতি থাকিতে হইবে;

(খ) নিজের ও কর্মচারীদের এইরূপ হইতে হইবে যাহাদের হেফাজত সেবা প্রদানের অভিজ্ঞতা রহিয়াছে;

(গ) হেফাজত সেবা প্রদানের উপযোগী অবকাঠামো, দফতর এবং কর্মচারী থাকিতে হইবে;

(ঘ) নিজের বা পরিচালকের বা অংশীদারের কোন অর্থনৈতিক অপরাধ বা খেলাপী ঋণ থাকিতে পারিবে না;

(ঙ) কোন মিউচুয়াল ফান্ডের স্পন্সরের পদ বা ট্রাস্টির পদ থাকিতে পারিবে না।

## অধ্যায় ৪

## মিউচুয়াল ফান্ডের স্কীম

**২৭। স্কীম ঘোষণার পদ্ধতি।**—(১) ট্রাস্টি এবং কমিশনের অনুমতিক্রমে, সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী মিউচুয়াল ফান্ডের কোন স্কীম ঘোষণা করিতে পারিবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন কোন স্কীম অনুমোদনের জন্য সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী কমিশনের নিকট উক্ত স্কীমের বিবরণ, প্রসপেক্টাস, লেটার অব অফার এবং স্কীম সম্পর্কিত অন্যান্য আনুষংগিক কাগজপত্র দাখিল করিবে।

(৩) উপ-প্রবিধান (২) এ উল্লিখিত কাগজপত্র বিবেচনার পর কমিশন উক্ত কাগজপত্র প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে প্রস্তাবিত স্কীম অনুমোদন বা বাতিল করিবে অথবা প্রয়োজনীয় সংশোধনের জন্য সম্পদ ব্যবস্থাপনা কোম্পানীকে নির্দেশ প্রদান করিতে পারিবে।

(৪) উপ-প্রবিধান (৩) এ উল্লিখিত সময়সীমার মধ্যে কমিশন কোন সিদ্ধান্ত প্রদান না করিলে স্কীমটি কমিশন কর্তৃক অনুমোদিত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী উক্ত স্কীম ঘোষণা করিতে পারিবে।

**২৮। স্কীম সম্পর্কে প্রচারণা।**—(১) কমিশনের অনুমোদন ব্যতীত, কোন স্কীম সম্পর্কে কোন লেটার অব অফার, প্রচারপত্র বা বিজ্ঞাপন প্রচার করা যাইবে না।

(২) প্রত্যেকটি স্কীমের জন্য লেটার অব অফার, প্রসপেক্টাস ও অন্যান্য বিজ্ঞাপনী উপকরণ তফসিল ৫ এ বর্ণিত নিয়মাবলীর সহিত সামঞ্জস্যপূর্ণ হইতে হইবে।

(৩) প্রত্যেকটি স্কীমের বিপণন ও প্রচারমূলক পুস্তিকা বা প্রচারপত্রে বিনিয়োগের উদ্দেশ্য, বিনিয়োগ মূল্যায়নের পদ্ধতি ও পর্যাবৃত্তি, ক্রয় ও বিক্রয় প্রকৃত পদ্ধতি ও পর্যাবৃত্তি, এবং বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষার জন্য কমিশন কর্তৃক আবশ্যিক বিবেচিত অন্যান্য বিবরণ যথাযথ-ভাবে উল্লেখিত থাকিবে।

২৯। **বিভ্রান্তিমূলক বিবরণ।**—প্রবিধান ২৮ এর অধীন কোন লেটার অব অফার, প্রসপেক্টাস অথবা বিজ্ঞাপনে কোনরূপ বিভ্রান্তিমূলক বিবরণ অথবা ভুল বা অসত্য বক্তব্য বা মতামত থাকিবে না।

৩০। **স্কীমের তালিকাভুক্তিকরণ।**—কোন ক্লোজ-এন্ডেড স্কীম কমিশন কর্তৃক অনুমোদিত হইবার অথবা, ক্ষেত্রমত, অনুমোদিত হইয়াছে বলিয়া গণ্য হইবার অব্যবহিত পর উক্ত স্কীম কোন ষ্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত করিতে হইবে ঃ

তবে শর্ত থাকে যে, কান্ট্রি মিউচ্যুয়াল ফান্ডের ক্ষেত্রে যে দেশে উক্ত ফান্ড তালিকাভুক্ত হইতে ইচ্ছুক সেই দেশের আইন অনুসারে সেই দেশেরই কোন ষ্টক এক্সচেঞ্জে এই স্কীম তালিকাভুক্ত করিতে হইবে।

৩১। **স্কীমের জন্য সংগৃহিতব্য ন্যূনতম অর্থ।**—প্রত্যেকটি ক্লোজ-এন্ডেড এবং ওপেন-এন্ডেড স্কীমের জন্য সংগৃহিতব্য ন্যূনতম অর্থের পরিমাণ হইবে যথাক্রমে ৩ কোটি টাকা ও ৬ কোটি টাকা ঃ

তবে শর্ত থাকে যে, কোন ওপেন-এন্ডেড স্কীমের আওতায় সংগৃহিতব্য অর্থের কোন সর্বোচ্চ সীমা থাকিবে না।

৩২। **স্কীম ও চাঁদার তালিকা খোলা রাখার মেয়াদ।**—চাঁদার জন্য দশ দিনের বেশী কোন ক্লোজ-এন্ডেড স্কীম খোলা রাখা যাইবে না এবং ওপেন-এন্ডেড স্কীমের ন্যূনতম অর্থ উহার চাঁদার তালিকা খোলার ৪৫ দিনের মধ্যে সংগ্রহ করিতে হইবে।

৩৩। **অর্থ ফেরৎ প্রদান।**—(১) ট্রাস্টি এবং সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী যদি প্রবিধান ৩১ এর অধীন ন্যূনতম অর্থ বা লক্ষ্যমাত্রার অন্যূন ৬০ শতাংশ অর্থ, যাহা অধিকতর হইবে, সংগ্রহ করিতে ব্যর্থ হয় তাহা হইলে তাহারা বিনিয়োগকারীদের নিকট হইতে সংগৃহীত সমুদয় অর্থ ফেরৎ প্রদানের জন্য দায়ী থাকিবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন ফেরৎযোগ্য স্কীম বা চাঁদার তালিকা বন্ধ হইবার তারিখ হইতে চল্লিশ দিনের মধ্যে রেজিষ্ট্রি ডাকযোগে একাউন্ট পেয়ী অবিনিময়ে চেক অথবা পে অর্ডার অথবা ব্যাংক ড্রাফট আকারে প্রাপকগণকে ফেরত প্রদান করিতে হইবে।

(৩) উপ-প্রবিধান (২) এ বর্ণিত সময়সীমার মধ্যে অর্থ ফেরৎ প্রদানে ব্যর্থ হইলে উক্ত সময়সীমার পর হইতে বার্ষিক শতকরা ১৫% হারে আবেদনকারীগণকে সুদ পরিশোধ করিতে হইবে।

৩৪। **ইউনিট সার্টিফিকেট।**—ইউনিট ক্রয়ের জন্য কোন আবেদনকারীর আবেদনপত্র প্রত্যাখ্যান করা না হইলে তাহাকে যথাশীঘ্র সম্ভব, তবে চাঁদার তালিকা বন্ধের তারিখ হইতে চল্লিশ দিনের পর নহে, ইউনিট বরাদ্দপত্র (allotment letter) এবং ইউনিট সংখ্যা উল্লেখ করিয়া ইউনিট সার্টিফিকেট (unit certificate) প্রদান করিতে হইবে।

৩৫। **ইউনিট সার্টিফিকেট হস্তান্তর।**—(১) স্কীমে কোন বাধা বা নিষেধাজ্ঞা না থাকিলে যে কোন ইউনিট সার্টিফিকেট পক্ষদ্বয়ের কার্যক্রমদ্বারা বা আইন অনুযায়ী অবাধে হস্তান্তর করা যাইবে।

(২) সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী হস্তান্তর দলিল এবং সংশ্লিষ্ট ইউনিট সার্টিফিকেট গ্রহণ করিয়া হস্তান্তর তালিকাভুক্ত করিবে এবং পনের দিনের মধ্যে হস্তান্তর গ্রহণকারীর নিকট ইউনিট সার্টিফিকেট ফেরৎ প্রদান করিবে।

৩৬। **স্কীমের অবলুপ্তি।**—(১) কোন ওপেন-এন্ডেড স্কীমের অনাদায়ী ইউনিটের মোট সংখ্যা যদি যে কোন সময় পুনঃক্রয়ের পর প্রকৃত ইস্যুকৃত ইউনিট সংখ্যার শতকরা ২৫ ভাগের কম হয় তাহা হইলে উক্ত স্কীমের অবলুপ্তি হইবে।

(২) কোন ক্লোজ-এন্ডেড স্কীমের অবলুপ্তি হইতে পারে, যদি—

(ক) উক্ত স্কীমের নির্ধারিত মেয়াদ সমাপ্ত হয়;

(খ) ট্রাস্টিদের মতানুযায়ী উক্ত স্কীমের অবলুপ্তির প্রয়োজন হয়;

(গ) উক্ত স্কীমের অন্যূন শতকরা ৭৫ জন ইউনিটহোল্ডার স্কীমটির অবলুপ্তির পক্ষে প্রস্তাব গ্রহণ করে;

(ঘ) কমিশন ইউনিট হোল্ডারদের স্বার্থে উক্ত স্কীমের অবলুপ্তির নির্দেশ প্রদান করে।

(৩) উপ-প্রবিধান (১) বা (২) অনুযায়ী কোন স্কীমের অবলুপ্তি ঘটাইতে হইলে ট্রাস্টিগণ উক্ত স্কীমের অবলুপ্তির বিবরণসহ নোটিশ—

(ক) কমিশনের নিকট; এবং

(খ) বাংলাদেশের বহুল প্রচারিত দুইটি জাতীয় দৈনিক সংবাদপত্রে (যাহার মধ্যে একটি মিউচ্যুয়াল ফান্ড যেখানে স্থাপিত সেইখানে প্রকাশিত বাংলা ভাষার সংবাদপত্র হইবে) প্রেরণ বা, ক্ষেত্রমত, প্রকাশ করিবে।

৩৭। **অবলুপ্তি নোটিশের ফলাফল।**—প্রবিধান ৩৬(৩) এর অধীন কোন স্কীমের অবলুপ্তির নোটিশ প্রদানের তারিখ হইতে ট্রাস্টি অথবা সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী—

(১) উক্ত স্কীম সম্পর্কিত যে কোন ব্যবসা কর্মকাণ্ড পরিচালনা হইতে বিরত থাকিবে;

(২) স্কীমের ইউনিট সৃষ্টি (create) ও বাতিল করা হইতে বিরত থাকিবে;

(৩) স্কীমের ইউনিট ইস্যু ও পরিশোধ (redeem) করা হইতে বিরত থাকিবে।

৩৮। **অবলুপ্তির নিয়ম ও পদ্ধতি।**—(১) স্কীমের অবলুপ্তি বিবেচনার উদ্দেশ্যে ট্রাস্টি ইউনিট হোল্ডারদের একটি সভা আহবান করিবে, সভায় উপস্থিত ও ভোটদানকারী ইউনিট

হোল্ডারদের তিন-চতুর্থাংশ সংখ্যাগরিষ্ঠ ভোটে স্কীমটি অবলুপ্তির ব্যবস্থা গ্রহণের জন্য ট্রাস্টি অথবা অন্য কোন ব্যক্তিকে ক্ষমতা প্রদান করা যাইবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন ক্ষমতা প্রদত্ত ট্রাস্টি অথবা ব্যক্তি সংশ্লিষ্ট স্কীমের সম্পদ উক্ত স্কীমের ইউনিট হোল্ডারদের সর্বোত্তম স্বার্থে হস্তান্তর করিবে এবং উহার বিনিময়ে প্রাপ্ত অর্থ সর্বপ্রথম স্কীমের অধীন প্রকৃত দায় পরিশোধে ব্যবহৃত হইবে, অতঃপর অবলুপ্তির সহিত সংশ্লিষ্ট যাবতীয় ব্যয় নির্বাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের পর অবশিষ্ট অর্থ ইউনিট হোল্ডারদের মধ্যে, অবলুপ্তির সিদ্ধান্ত গ্রহণের তারিখে স্কীমের সম্পদে তাহাদের স্বার্থের অনুপাত অনুযায়ী বিতরণ করা হইবে।

(৩) অবলুপ্তি সম্পন্ন হইবার পর ট্রাস্টি কমিশন এবং ইউনিট হোল্ডারগণকে অবলুপ্তি সম্পর্কিত একটি রিপোর্ট প্রদান করিবে, উহাতে অবলুপ্তির কারণ, অবলুপ্তির পূর্বে স্কীমের সম্পদ বিক্রয়ের পদক্ষেপসমূহ, অবলুপ্তির জন্য অর্থ ব্যয় এবং ইউনিট হোল্ডারদের মধ্যে বন্টনের জন্য প্রাপ্ত নীট অর্থের উল্লেখ থাকিবে এবং উহার সহিত স্কীমের নিরীক্ষকদের প্রতিবেদন সংযুক্ত করিতে হইবে।

৩৯। **স্কীমের অবলুপ্তি।**—প্রবিধান ৩৮ এর উপ-প্রবিধান (৩) অনুযায়ী রিপোর্ট প্রাপ্তির পর কমিশন যদি এইমর্মে নিশ্চিত হয় যে স্কীমটি অবলুপ্তির জন্য গৃহীত সকল পদক্ষেপ সম্পন্ন হইয়াছে তাহা হইলে স্কীমটি অবলুপ্ত হইবে।

## অধ্যায় ৫

## বিনিয়োগ উদ্দেশ্য ও মূল্যায়ন নীতিমালা

৪০। **বিনিয়োগ উদ্দেশ্য।**—(১) উপ-প্রবিধান (২) ও (৩)-এ উল্লেখিত স্কীম ব্যতীত মিউচ্যুয়াল ফান্ডের অন্য কোন স্কীমের অধীন সংগৃহীত অর্থ শুধু হস্তান্তরযোগ্য সিকিউরিটিতে তাহা অর্থ বাজার বা মূলধন বাজার বা ব্যক্তিগতভাবে স্থাপিত ঋণপত্র বা সিকিউরিটাইজ্ড ঋণ (securitised debt) যাহাই হউক না কেন, বিনিয়োগ করা হইবে।

(২) প্রপার্টি ইউনিট ট্রাস্টের কোন স্কীমের অধীন সংগৃহীত অর্থ হস্তান্তরযোগ্য জমি-জমা, দালানকোঠা বা সিকিউরিটিতে বিনিয়োগ করা হইবে এবং কমিশন এতদুদ্দেশ্যে সরকারী গেজেটে বিজ্ঞপ্তি দ্বারা প্রয়োজনীয় নীতিমালা প্রণয়ন করিবে।

(৩) মুদারাবা ইউনিট ট্রাস্টের কোন স্কীমের অধীন সংগৃহীত অর্থ ইসলামী শরিয়া অনুযায়ী মুদারাবা ব্যবসায় বিনিয়োগ করা হইবে এবং এতদুদ্দেশ্যে কমিশন শরিয়া উপদেষ্টা পরিষদ গঠন করিবে ও সরকারী গেজেটে বিজ্ঞপ্তি দ্বারা প্রয়োজনীয় নীতিমালা প্রণয়ন করিবে।

৪১। **বিনিয়োগে বাধানিষেধ।**—প্রবিধান ৪০ অনুসারে কোন বিনিয়োগ তফসিল ৬ এ বর্ণিত বাধানিষেধ সাপেক্ষে করিতে হইবে।

৪২। **কতিপয় ব্যবসায়ে বিনিয়োগ নিষিধ।**—মিউচ্যুয়াল ফান্ডের অর্থ কোনভাবেই অপশান-ট্রেডিং (option trading), শর্ট-সেলিং (short selling) বা কেরী-ফরওয়ার্ড (carry-forward) লেনদেনে ব্যবহার করা যাইবে না।

৪৩। **বিনিয়োগ মূল্যায়ন পদ্ধতি।**—(১) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড প্রত্যেকটি স্কীমের জন্য কমিশনের অনুমোদনক্রমে, বিনিয়োগের মূল্যায়ন পদ্ধতি নির্ধারণ করিবে।

(২) উপ-প্রবিধান (১) এর বিধান ব্যাহত না করিয়া, বাজারে তালিকাভুক্ত নহে এইরূপ বিনিয়োগের মূল্য ট্রাস্টি কর্তৃক সময় সময় পুনরীক্ষিত হইবে এবং নিরীক্ষকগণ মিউচ্যুয়াল ফান্ডের বার্ষিক প্রতিবেদনে তৎসম্পর্কে মন্তব্য করিবেন।

৪৪। **অব্যবসাকৃত বিনিয়োগের মূল্যায়ন।**—যে ক্ষেত্রে বিনিয়োগ তালিকাভুক্ত কিন্তু মূল্যায়নের তারিখের পূর্ববর্তী এক মাসের মধ্যে উহার ব্যবসা করা হয় নাই, সেই ক্ষেত্রে সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী উহার একটি নিরপেক্ষ ও স্বাধীন মূল্যায়ন করিবে যাহাতে উহার প্রকৃত আদায়যোগ্য মূল্য প্রতিফলিত হয়; উক্ত মূল্যায়নের পদ্ধতি ট্রাস্টি কর্তৃক অনুমোদিত হইতে হইবে এবং নিরীক্ষকগণ কর্তৃক মিউচ্যুয়াল ফান্ডের বার্ষিক প্রতিবেদনে তৎসম্পর্কে মন্তব্য করিতে হইবে।

৪৫। **নীট সম্পদ মূল্য নির্ণয় পদ্ধতি।**—(১) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড উহার প্রত্যেকটি স্কীমের নীট সম্পদ মূল্য নির্ণয়ের জন্য কমিশন কর্তৃক অনুমোদিত পদ্ধতি অনুসরণ করিবে।

(২) নিম্নবর্ণিত মেয়াদে প্রত্যেকটি স্কীমের নীট সম্পদ মূল্য নির্ণয় এবং উহা ন্যূনপক্ষে দুইটি জাতীয় দৈনিক সংবাদপত্রে প্রকাশ করিতে হইবে, যথাঃ—

(ক) ওপেন-এন্ডেড স্কীমের ক্ষেত্রে, পনর দিন; এবং

(খ) ক্লোজ-এন্ডেড স্কীমের ক্ষেত্রে, এক মাস।

৪৬। **ইউনিটের মূল্য নিরূপণ।**—(১) স্কীমে সম্ভাব্য অংশগ্রহণকারীদের নিকট ইউনিটের বিক্রয় মূল্য এবং মিউচ্যুয়াল ফান্ড কর্তৃক যে কোন সময় উক্ত ইউনিটের পুনঃক্রয় মূল্য উক্ত স্কীম নিরূপণ করিতে পারিবে।

(২) মিউচ্যুয়াল ফান্ড উহার স্কীমের ইউনিটের বিক্রয় মূল্য ও পুনঃক্রয় মূল্য সপ্তাহে অন্ততঃ একবার এমনভাবে প্রকাশ করিবে যাহাতে সংশ্লিষ্ট সকল বিনিয়োগকারী উহা জানিতে পারে।

(৩) যে কোন স্কীমের ইউনিটের পুনঃক্রয় মূল্য ও বিক্রয় মূল্য নির্ধারণকালে মিউচ্যুয়াল ফান্ড ইহা নিশ্চিত করিবে যেন এই দুইটি মূল্যের মধ্যকার ব্যবধান বিক্রয় মূল্যের শতকরা পাঁচ ভাগের বেশী না হয়।

## অধ্যায় ৬

## মিউচ্যুয়াল ফান্ডের সাধারণ দায়িত্বসমূহ

৪৭। **যথাযথ হিসাব বহি ও অন্যান্য দলিলপত্র রক্ষণাবেক্ষণ।**—(১) উপ-প্রবিধান (২) এর বিধান সাপেক্ষে প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড উহার প্রত্যেকটি স্কীমের যথাযথ হিসাব বহি, রেকর্ড ও দলিলপত্র রক্ষণাবেক্ষণ করিবে ঃ

তবে শর্ত থাকে যে, হিসাব বহি এইরূপভাবে রক্ষণাবেক্ষণ করিতে হইবে যেন উহা হইতে যে কোন সময় মিউচ্যুয়াল ফান্ডের লেনদেন ও আর্থিক অবস্থান সম্পর্কে জানিতে পারা যায়, বিশেষ করিয়া উক্ত ফান্ডের কার্যক্রম সম্পর্কে প্রকৃত ও সঠিক চিত্র যেন পাওয়া যায়।

আরও শর্ত থাকে যে, যে স্থানে হিসাব বহি, রেকর্ড ও দলিলপত্র সংরক্ষিত থাকিবে মিউচ্যুয়াল ফান্ড তাহা কমিশনকে অবহিত করিবে।

(২) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড উহার হিসাব রক্ষণের এইরূপ নীতিমালা ও মান অনুসরণ করিবে যাহাতে নির্দিষ্ট মেয়াদান্তে স্কীমওয়ারী সম্পদ ও দায়ের বিস্তারিত ও যথাযথ বিবরণী, এবং উক্ত মেয়াদের কর্মকান্ডসহ ইউনিট হোল্ডারদের অনুকূলে জমাকৃত আয় সংক্রান্ত তথ্যাবলী সঠিক ও যথাযথভাবে জানা যায়।

৪৮। **হিসাব বৎসর।**—একই তারিখে সকল স্কীমের হিসাব বৎসর সমাপ্ত হইবে এবং উহা হইবে ৩০ জুন ঃ

তবে শর্ত থাকে যে, হিসাব বৎসরের মধ্যবর্তী কোন সময় সূচিত স্কীমের ক্ষেত্রে সূচনার তারিখ হইতে সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ডের হিসাব বৎসরের শেষ দিন পর্যন্ত সময়কালের জন্য উক্ত স্কীমের প্রতিবেদন ও তথ্য প্রদান করিতে হইবে।

৪৯। **আয়ের শ্রেণীবিন্যাস।**—প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড উহার হিসাবে মূলধনী লাভ এবং অন্যান্য আয় পৃথক পৃথকভাবে দেখাইবে।

৫০। **ব্যয়ের সীমাবদ্ধতা।**—(১) সকল ব্যয় স্পষ্টরূপে চিহ্নিত এবং প্রত্যেকটি স্কীমে বণ্টিত হইতে হইবে।

(২) নিম্নবর্ণিত সীমা সাপেক্ষে সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী মিউচ্যুয়াল ফান্ডের নিকট বিনিয়োগ ব্যবস্থাপনা ও উপদেষ্টা ফি, যাহা প্রসপেক্টাসে সম্পূর্ণরূপে প্রকাশ (disclose) করা হইয়াছে, দাবী করিতে পারিবে, যথা ঃ—

(ক) নীট সম্পদের পরিমাণ পাঁচ কোটি টাকার বেশী না হইলে সংশ্লিষ্ট স্কীমের হিসাব বৎসরের গড়পড়তা সাপ্তাহিক নীট সম্পদের উপর শতকরা আড়াই ভাগ হারে;

(খ) নীট সম্পদের পরিমাণ পাঁচ কোটি টাকার উর্ধ্বে কিন্তু পঞ্চাশ কোটি টাকার বেশী না হইলে, পাঁচ কোটি টাকার অতিরিক্ত নীট সম্পদের উপর শতকরা দুই ভাগ হারে; এবং

(গ) নীট সম্পদের পরিমাণ পঞ্চাশ কোটি টাকার বেশী হইলে, পঞ্চাশ কোটি টাকার অতিরিক্ত নীট সম্পদের উপর শতকরা দেড় ভাগ হারে।

(৩) উপ-প্রবিধান (২) এ উল্লিখিত ফি ব্যতীত, সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী নিম্নবর্ণিত ব্যয়সমূহও মিউচ্যুয়াল ফান্ড হইতে আদায় করিতে পারিবে, যথা ঃ—

(ক) মিউচ্যুয়াল ফান্ড ও উহার স্কীমসমূহের সূচনাকালে ব্যয়িত প্রাথমিক ইস্যু খরচের অবসায়ন (amortisation) যাহা পাঁচ বৎসর বা তদপেক্ষা কমসময়ের মধ্যে করিতে হইবে ঃ

তবে শর্ত থাকে যে, প্রাথমিক ইস্যু খরচ কোন স্কীমের সংগৃহীত তহবিলের শতকরা ছয় ভাগের বেশী হইবে না।

(খ) নিম্নবর্ণিত ব্যয়সহ নিয়মিত ব্যয়সমূহ, যথা ঃ—

(অ) এজেন্টদের কমিশনসহ, যদি থাকে, বিপণন ও বিক্রয় ব্যয়;

(আ) দালালী ও লেনদেন খরচ;

(ই) বিক্রিত বা পরিশোধিত (redeemed) সিকিউরিটিজ হস্তান্তরের জন্য নিবন্ধন সেবা খরচ।

(৪) উপ-প্রবিধান (২) ও (৩) এ উল্লিখিত ব্যয়সমূহ এবং সম্পদ ব্যবস্থাপনা কোম্পানীকে প্রদেয় অন্য যে কোন ফি মিউচ্যুয়াল ফান্ড হইতে আদায়যোগ্য হইবে।

৫১। **লভ্যাংশ বিতরণ ও উহার সীমা।**—প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড বার্ষিক হিসাব সমাপ্ত হইবার পর প্রত্যেকটি স্কীমের বিপরীতে উক্ত স্কীমের ইউনিট হোল্ডারদের মধ্যে এই প্রবিধানমালা অনুযায়ী লভ্যাংশ বিতরণ করিবে যাহার পরিমাণ উক্ত স্কীমের বার্ষিক লাভের শতকরা নব্বই ভাগের কম হইবে নাঃ

তবে শর্ত থাকে যে, যে সকল ক্রমবর্ধমান বিনিয়োগ স্কীম বা গ্রোথ স্কীমের প্রকৃতি ও সম্ভাবনা সম্পর্কে শুরুতেই বিনিয়োগকারীদের সম্পূর্ণরূপে জানানো হইয়াছিল উহাদের ক্ষেত্রে এই প্রবিধানের কোন কিছুই প্রযোজ্য হইবে না।

৫২। **অবচয় সঞ্চিতি ইত্যাদি।**—(১) কোন স্কীমের লভ্যাংশ ঘোষণার পূর্বে প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড, উহার নিরীক্ষকদের সন্তোষানুযায়ী, বিনিয়োগের উপর অবচয় এবং মন্দ ও সন্দেহপূর্ণ দেনার জন্য সঞ্চিতির ব্যবস্থা রাখিবে, এবং উক্ত সঞ্চিতি নির্ণয়ের পদ্ধতি হিসাবের টীকায় উল্লেখ করিবে।

(২) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড উহার স্কীমের আয় হইতে যথাযথ উপযোজনের মাধ্যমে একটি লভ্যাংশ সমতাকরণ তহবিল সৃষ্টি করিবে।

(৩) লভ্যাংশ পত্র (dividend warrant) লভ্যাংশ ঘোষণার ৪০ দিনের মধ্যে প্রেরণ করিতে হইবে।

৫৩। **নিরীক্ষকের প্রতিবেদন।**—(১) প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ডের জন্য এমন একজন নিরীক্ষক নিযুক্ত হইবেন যিনি সম্পদ ব্যবস্থাপনা কোম্পানীর নিরীক্ষক নহেন।

(২) নিরীক্ষক ট্রাস্টি কর্তৃক নিযুক্ত হইবেন।

(৩) নিরীক্ষক ট্রাস্টির নিকট তাহার প্রতিবেদন পেশ করিবেন এবং উক্ত প্রতিবেদন মিউচ্যুয়াল ফান্ডের বার্ষিক প্রতিবেদনের অংশরূপে পরিগণিত হইবে।

(৪) নিরীক্ষকের প্রতিবেদনে এই মর্মে মতামত থাকিতে হইবে যে, তিনি তাহার সর্বোত্তম জ্ঞান ও বিশ্বাসমতে হিসাব নিরীক্ষণের জন্য প্রয়োজনীয় সকল তথ্য ও ব্যাখ্যা পাইয়াছেন কি না; এবং ব্যালেন্স শীট, রাজস্ব হিসাব ও নগদান প্রবাহ বিবরণী যথাক্রমে স্কীমের সত্য ও ন্যায্য আর্থিক অবস্থা, হিসাবকালীন সময়ের ঘাটতি বা উদ্বৃত্ত এবং নগদ অর্থ প্রবাহ প্রদর্শন করে কি না।

ব্যাখ্যাঃ এই প্রবিধান এবং প্রবিধান ৬৫ এর উদ্দেশ্যে "নিরীক্ষক" অর্থ এইরূপ ব্যক্তি যিনি কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর ধারা ২১২ অনুযায়ী কোন কোম্পানীর নিরীক্ষক হিসাবে নিয়োগ লাভেরযোগ্য।

৫৪। **বার্ষিক প্রতিবেদন ও উহার সার-সংক্ষেপ প্রকাশনা।**—সংশ্লিষ্ট অর্থ বৎসর সমাপ্তির তিন মাসের মধ্যে, যথাশীঘ্র সম্ভব, প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ডের স্কীমওয়ারী বার্ষিক প্রতিবেদন বা উহার সার-সংক্ষেপ বিজ্ঞাপন আকারে প্রকাশ করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, তফসিল-৭ ও তফসিল-৮ এ বর্ণিত সকল বিষয়ে তথ্যাদির পাশাপাশি সেই সকল তথ্যও বার্ষিক প্রতিবেদন বা উহার সার-সংক্ষেপে থাকিতে হইবে যাহা মিউচ্যুয়াল ফান্ডের কার্যক্রম সম্পর্কে সঠিক ও যথাযথ চিত্র তুলিয়া ধরিবেঃ

আরও শর্ত থাকে যে, যখনই কোন প্রতিবেদন সংক্ষিপ্ত আকারে প্রকাশিত হইবে তখন উহার টীকায় উল্লেখ করিতে হইবে যে, মিউচ্যুয়াল ফান্ডের প্রধান কার্যালয়ে পূর্ণাঙ্গ প্রতিবেদন দেখার জন্য পাওয়া যাইবে এবং মিউচ্যুয়াল ফান্ড কর্তৃক পূর্ব নির্ধারিত নামমাত্র মূল্যের বিনিময়ে উক্ত প্রতিবেদনের কপি সংগ্রহ করা যাইবে।

৫৫। **সাময়িক তথ্য প্রকাশ।**—(১) কমিশন অনুরূপ চাহিলে, কোন মিউচ্যুয়াল ফান্ড, স্পন্সর, সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী, ট্রাষ্টি ও হেফাজতকারী কমিশনের নিকট প্রয়োজনীয় তথ্যাদি প্রকাশ এবং দলিলপত্র পেশ করিবে।

(২) উপ-প্রবিধান (১) এর বিধান ক্ষুণ্ণ না করিয়া, মিউচ্যুয়াল ফান্ড কমিশনের নিকট নিম্নবর্ণিত সাময়িক প্রতিবেদনসমূহ পেশ করিবে, যথাঃ—

(ক) বর্ষ সমাপ্তির ৯০ দিনের মধ্যে, বৎসরে একবার করিয়া, মিউচ্যুয়াল ফান্ড ও উহার প্রত্যেকটি স্কীমের যথাযথভাবে নিরীক্ষিত হিসাব বিবরণীর কপি, যাহার মধ্যে স্থিতিপত্র, রাজস্ব হিসাব এবং নগদান প্রবাহ বিবরণী থাকিবে;

(খ) অর্ধ বর্ষ সমাপ্তির ৬০ দিনের মধ্যে অনিরীক্ষিত ষান্মাসিক হিসাব বিবরণীর কপি;

(গ) প্রতি তিন মাস অতিক্রান্ত হওয়ার পরবর্তী ৩০ দিনের মধ্যে মিউচ্যুয়াল ফান্ডের প্রত্যেকটি স্কীমের নীট সম্পদের অবস্থান পরিবর্তন সংক্রান্ত ত্রৈমাসিক বিবরণী;

(ঘ) প্রতি তিন মাস অতিক্রান্ত হওয়ার পরবর্তী ৩০ দিনের মধ্যে একটি ত্রৈমাসিক পোর্টফোলিও বিবরণী যাহাতে প্রত্যেকটি স্কীমের বিগত সময়কাল হইতে পরিবর্তন-সমূহ অন্তর্ভুক্ত থাকিবে।

৫৬। **বিনিয়োগকারীদের নিকট তথ্য প্রকাশ।**—যে সকল কারণে বিনিয়োগের উপর বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি হইতে পারে সেই সকল কারণ সম্পর্কিত প্রয়োজনীয় তথ্যাদি ট্রাস্টিগণ বিনিয়োগ-কারীগণকে অবহিত করিবে।

৫৭। **বার্ষিক প্রতিবেদন কমিশনের নিকট প্রেরণ করিতে হইবে।**—প্রত্যেক অর্থ বৎসর সমাপ্তির পর ৯০ দিনের মধ্যে প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড কমিশনের নিকট উহার বার্ষিক প্রতিবেদন এবং মিউচ্যুয়াল ফান্ডের বিনিয়োগ ও সঞ্চয়সহ সকল বিষয়ে বিস্তারিত বিবরণ পেশ করিবে যাহাতে উক্ত মিউচ্যুয়াল ফান্ডের সমগ্র স্কীমওয়ারী পোর্টফোলিও সম্পর্কে কমিশন অবহিত হইতে পারে।

৫৮। **অর্ধ-বার্ষিক আর্থিক ফলাফল প্রকাশ।**—প্রত্যেক অর্ধ-বর্ষ সমাপ্তির পর ৬০ দিনের মধ্যে প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড উহার ষান্মাসিক অনিরীক্ষিত আর্থিক ফলাফল একটি ইংরেজী ও একটি বাংলা জাতীয় দৈনিক সংবাদপত্রে বিজ্ঞাপন আকারে প্রকাশ করিবে; উহাতে তফসিল-৮ এ বর্ণিত সকল তথ্যসহ সেই সকল তথ্যের উল্লেখ থাকিবে যাহা উক্ত মিউচ্যুয়াল ফান্ডের কার্যক্রম সম্পর্কে সঠিক ও যথাযথ চিত্র তুলিয়া ধরার জন্য প্রয়োজনীয়।

৫৯। **মিউচ্যুয়াল ফান্ড স্ক্রিপ্ট হস্তান্তর।**—প্রত্যেক মিউচ্যুয়াল ফান্ড সরবরাহের (delivery) ভিত্তিতে সিকিউরিটিজ ক্রয়-বিক্রয় করিবে এবং ক্রয়ের সকল ক্ষেত্রে সিকিউরিটিজের সরবরাহ গ্রহণ এবং বিক্রয়ের সকল ক্ষেত্রে সিকিউরিটিজের সরবরাহ প্রদান করিবে এবং কোন ক্ষেত্রেই ঘাটতি বিক্রয় বা আগাম লেনদেন বা বদলা অর্থায়নে নিয়োজিত হইবে না।

(২) যেখানে দীর্ঘ মেয়াদী প্রকৃতির বিনিয়োগ রহিয়াছে, সেখানে প্রত্যেকটি মিউচ্যুয়াল ফান্ড উহার নিজ নামে সংশ্লিষ্ট স্কীমের হিসাবে সিকিউরিটিজ ক্রয় বা হস্তান্তর করিবে।

## অধ্যায় ৭

## পরিদর্শন

৬০। **কমিশনের পরিদর্শন ক্ষমতা।**—(১) উপ-প্রবিধান (২) এ বর্ণিত যে কোন উদ্দেশ্যে কোন মিউচ্যুয়াল ফান্ডের ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী ও হেফাজতকারীর হিসাব বহি, রেকর্ড ও দলিলপত্র পরিদর্শনের জন্য কমিশন পরিদর্শন কর্তৃপক্ষ হিসাবে এক বা একাধিক ব্যক্তিকে নিয়োগ করিতে পারিবে।

(২) উপ-প্রবিধান (১) এ উল্লেখিত পরিদর্শনের উদ্দেশ্য হইবে নিম্নরূপ, যথাঃ—

(ক) হিসাব বহি ও অন্যান্য বহি যথাযথভাবে রক্ষণাবেক্ষণ নিশ্চিত করা;

(খ) আইন ও প্রবিধানমালার বিধানসমূহ যথাযথভাবে অনুসরণ নিশ্চিত করা;

(গ) অধিগ্রহণের ক্ষেত্রে মিউচ্যুয়াল ফান্ড, ট্রাস্টি বা সম্পদ ব্যবস্থাপনা কোম্পানীর ভূমিকা পর্যালোচনা করা;

(ঘ) মিউচ্যুয়াল ফান্ড, ট্রাস্টি, সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী এবং হেফাজতকারীর কর্মকান্ডের সহিত সম্পর্কিত যে কোন ব্যাপারে বিনিয়োগকারী, অন্য মিউচ্যুয়াল ফান্ড, অথবা অন্য কোন ব্যক্তির নিকট হইতে প্রাপ্ত অভিযোগ তদন্ত করা;

(ঙ) সিকিউরিটিজ ব্যবসায় বা বিনিয়োগকারীদের স্বার্থে স্বতঃপ্রণোদিতভাবে মিউচ্যুয়াল ফান্ড, সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী, ট্রাস্টি বা হেফাজতকারীর কর্মকান্ড তদন্ত করা।

৬১। **পরিদর্শন পূর্বে নোটিশ প্রদান।**—(১) প্রবিধান ৬০ এর অধীন কোন পরিদর্শন শুরু করার কমপক্ষে ৭ দিন পূর্বে কমিশন মিউচ্যুয়াল ফান্ড, সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী, ট্রাস্টি বা ক্ষেত্রমত, হেফাজতকারীকে তৎসম্পর্কে নোটিশ প্রদান করিবে।

(২) উপ-প্রবিধান (১) এ যাহাই থাকুক না কেন, কমিশন যদি মনে করে যে বিনিয়োগকারীদের স্বার্থে উক্ত উপ-প্রবিধানে বর্ণিত নোটিশ প্রদান উচিত হইবে না, তাহা হইলে কমিশন কোন নোটিশ প্রদান ছাড়াই সরাসরি লিখিত আদেশ দ্বারা মিউচ্যুয়াল ফান্ড, সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী, ট্রাস্টি এবং হেফাজতকারীর প্রবিধান ৬০ এ উল্লেখিত বিষয়সমূহ পরিদর্শন করার নির্দেশ প্রদান করিতে পারিবে।

(৩) কমিশনের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত হইয়া পরিদর্শন কর্তৃপক্ষ পরিদর্শন কাজ পরিচালনা করিবে এবং যে মিউচ্যুয়াল ফান্ড, সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী, ট্রাস্টি বা হেফাজতকারী সম্পর্কে পরিদর্শন করা হইবে সেই মিউচ্যুয়াল ফান্ড, সম্পদ ব্যবস্থাপনা কোম্পনী, ট্রাস্টি বা হেফাজতকারী প্রবিধান ৬২ এর অধীন উহার দায়িত্ব যথাযথভাবে পালন করিতে বাধ্য থাকিবে।

৬২। **পরিদর্শনকালে মিউচ্যুয়াল ফান্ডের দায়িত্ব।**—(১) প্রবিধান ৬১(৩) এর অধীন যে মিউচ্যুয়াল ফান্ড, সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী, ট্রাস্টি বা হেফাজতকারী সম্পর্কে পরিদর্শন করা হইবে উহার প্রত্যেক পরিচালক, কর্মকর্তা ও কর্মচারী নিজ নিজ তত্ত্বাবধান বা নিয়ন্ত্রণভুক্ত সকল হিসাব বহি, অন্যান্য কাগজপত্র এবং মিউচ্যুয়াল ফান্ডের কর্মকান্ড সম্পর্কিত বিবরণ ও তথ্য পরিদর্শন কর্তৃপক্ষের নিকট তৎকর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে পেশ করিতে বাধ্য থাকিবে।

(২) উপ-প্রবিধান (১) এর বিধান ক্ষুন্ন না করিয়া সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ডের অফিস চলাকালীন সময়ে উক্ত অফিস ও উহার সহিত সম্পৃক্ত অন্যান্য অফিসে পরিদর্শন কর্তৃপক্ষ বা উহার পক্ষে অন্য কোন ব্যক্তির প্রবেশাধিকার থাকিবে এবং উক্ত কর্তৃপক্ষ বা ব্যক্তির চাহিদা মোতাবেক মিউচ্যুয়াল ফান্ড বা উহার পক্ষে অন্য কোন ব্যক্তির নিয়ন্ত্রিত হিসাব বহি, রেকর্ড, দলিলপত্র এবং কম্পিউটার ডাটা পরীক্ষা করার এবং দলিলাদি অথবা অন্যান্য জিনিসপত্র কপি বা জব্দ করার অধিকার থাকিবে।

(৩) পরিদর্শন কর্তৃপক্ষ পরিদর্শনকালে সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ড, সম্পদ ব্যবস্থাপনা কোম্পনী, ট্রাস্টি অথবা হেফাজতকারীর যে কোন সদস্য, পরিচালক, কর্মচারী বা সংশ্লিষ্ট কাজের সহিত জড়িত যে কোন ব্যক্তির কাগজপত্র ও দলিলপত্র পরীক্ষা করিতে পারিবে।

(৪) সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ড, সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী, ট্রাস্টি ও হেফাজতকারীর প্রত্যেক পরিচালক, কর্মকর্তা ও কর্মচারীর দায়িত্ব হইবে পরিদর্শন কর্তৃপক্ষকে পরিদর্শন সম্পর্কিত কাজে সর্বাত্মক সহযোগিতা প্রদান করা।

৬৩। **কমিশনের নিকট প্রতিবেদন দাখিল।**—পরিদর্শন কর্তৃপক্ষ পরিদর্শন শেষে যথা শীঘ্র সম্ভব কমিশনের নিকট পরিদর্শন প্রতিবেদন দাখিল করিবে।

৬৪। **পরিদর্শন প্রতিবেদন বিবেচনা ও তদনুযায়ী ব্যবস্থা গ্রহণ।**—কমিশন প্রবিধান ৬৩ এর অধীন দাখিলকৃত পরিদর্শন প্রতিবেদন বিবেচনা করিবে এবং উহাতে উল্লেখিত বিষয় সম্পর্কে প্রতিবেদন প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে সংশ্লিষ্ট ব্যক্তিকে অবহিত করিবে এবং পরিদর্শন কর্তৃপক্ষের সুপারিশের ভিত্তিতে কমিশন কর্তৃক কোন ব্যবস্থা গ্রহণের পূর্বে উক্ত ব্যক্তিকে ব্যক্তিগত শুনানীর সুযোগ দান করিবে।

৬৫। **নিরীক্ষক নিয়োগ।**—(১) এই অধ্যায়ের কোন প্রবিধানে যাহাই থাকুক না কেন, প্রবিধান ৬৩ এর অধীন পরিদর্শন কর্তৃপক্ষের দাখিলকৃত প্রতিবেদনের ভিত্তিতে কোন মিউচ্যুয়াল ফান্ড, সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী, ট্রাস্টি অথবা হেফাজতকারীর হিসাব বহি বা অন্যান্য বিষয় তদন্ত করিবার জন্য কমিশন একজন নিরীক্ষক নিয়োগ করিতে পারিবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন নিয়োগপ্রাপ্ত নিরীক্ষক প্রবিধান ৬০ এ বর্ণিত পরিদর্শন কর্তৃপক্ষের সমান ক্ষমতার অধিকারী হইবেন এবং এই প্রবিধানের অধীন তদন্তের ক্ষেত্রে সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ড, সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী, ট্রাস্টি, হেফাজতকারী এবং উহাদের সংশ্লিষ্ট কর্মচারীগণ প্রবিধান ৬২ এ বর্ণিত দায়িত্ব পালনে বাধ্য থাকিবে।

## অধ্যায় ৮

## শাস্তি ইত্যাদি

৬৬। **শাস্তি ও উহার কারণ।**—(১) যে কেহ—

(ক) এই প্রবিধামালার অধীন নিবন্ধন মঞ্জুরের কোন শর্ত মানিয়া চলিতে ব্যর্থ হইলে; অথবা

(খ) আইন ও এই প্রবিধানমালার কোন বিধান লংঘন করিলে;

উপ-প্রবিধান (২) এ বর্ণিত যে কোন শাস্তি তাহার প্রতি আরোপিত হইবে।

(২) উপ-প্রবিধান (১) অনুযায়ী যে সকল শাস্তি আরোপ করা যাইবে তাহা নিম্নরূপ, যথাঃ—

(ক) একটি নির্দিষ্ট মেয়াদের জন্য নিবন্ধন স্থগিতকরণ;

(খ) নিবন্ধন বাতিল;

(গ) অন্য কোন স্কীম গ্রহণে নিষেধাজ্ঞা;

(ঘ) কোন মিউচ্যুয়াল ফান্ডের জন্য সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী হিসাবে কাজ করিবার নিষেধাজ্ঞা; এবং

(ঙ) অন্য কোন মিউচ্যুয়াল ফান্ড গঠনে নিষেধাজ্ঞা।

৬৭। **মিউচ্যুয়াল ফান্ডের নিবন্ধন স্থগিতকরণ।**—কোন মিউচ্যুয়াল ফান্ডের নিবন্ধন স্থগিতকরণের শাস্তি আরোপ করা হইবে, যদি—

(ক) উক্ত মিউচ্যুয়াল ফান্ড অথবা উহার সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী, হেফাজতকারী বা ট্রাস্টি আইন বা এই প্রবিধানমালার কোন বিধান লংঘন করে;

(খ) উক্ত মিউচ্যুয়াল ফান্ড অথবা উহার সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী, হেফাজতকারী বা ট্রাস্টি যদি—

(অ) নিজ কাজ সম্পর্কিত কোন তথ্য এই প্রবিধানমালা অনুযায়ী দাখিল করিতে ব্যর্থ হয়;

(আ) ভ্রান্ত অথবা মিথ্যা তথ্য পরিবেশন করে;

(ই) এই প্রবিধানমালা অনুযায়ী সাময়িক প্রতিবেদন প্রদান না করে;

(ঈ) কমিশন কর্তৃক পরিচালিত কোন তদন্ত কাজে সহযোগিতা না করে;

(গ) উক্ত মিউচ্যুয়াল ফান্ড বিনিয়োগকারীদের উত্থাপিত কোন অভিযোগ নিরসন অথবা সংশ্লিষ্ট বিষয়ে কমিশনের নিকট সন্তোষজনক উত্তর প্রদান করিতে না পারে;

(ঘ) উক্ত মিউচ্যুয়াল ফান্ড কারচুপি বা প্রাইসরিগিং বা কর্ণারিং-এর আশ্রয় গ্রহণ করে;

(ঙ) উক্ত মিউচ্যুয়াল ফান্ড অসদাচরণ অথবা অব্যবসায়ীসুলভ বা অপেশাদারীসুলভ আচরণ প্রদর্শন করে;

(চ) উক্ত মিউচ্যুয়াল ফান্ডের সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী প্রবিধান ২০ এর উপ-প্রবিধান (১) এর দফা (ড) অনুযায়ী নীট সম্পদ সংরক্ষণ করিতে ব্যর্থ হয়;

(ছ) উক্ত মিউচ্যুয়াল ফান্ড এই প্রবিধানমালার অধীন দেয় ফি পরিশোধ করিতে ব্যর্থ হয়;

(জ) উক্ত মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধনের কোন শর্ত ভংগ করে;

(ঝ) উক্ত মিউচ্যুয়াল ফান্ডের স্পন্সর, সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী, হেফাজতকারী অথবা ট্রাস্টি এই প্রবিধানমালায় বর্ণিত উহার দায়িত্ব পালন না করে।

৬৮। **মিউচ্যুয়াল ফান্ডের নিবন্ধন বাতিল।**—কোন মিউচ্যুয়াল ফান্ডের নিবন্ধন বাতিলের শাস্তি আরোপ করা হইবে, যদি—

(ক) উক্ত মিউচ্যুয়াল ফান্ড বা উহার সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী ইচ্ছাকৃত কারচুপি, প্রাইস রিগিং বা কর্ণারিং করে যাহা সিকিউরিটিজ মার্কেট ও বিনিয়োগকারীদের স্বার্থের পরিপন্থী;

(খ) উক্ত মিউচ্যুয়াল ফান্ডের আর্থিক অবস্থার এইরূপ অবনতি ঘটে যে, কমিশনের মতে উহা বিনিয়োগকারী ও অন্যান্য মিউচ্যুয়াল ফান্ডের স্বার্থের অনুকূল নহে;

(গ) উক্ত মিউচ্যুয়াল ফান্ড অথবা উহার স্পনসর, সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী, ট্রাস্টি বা হেফাজতকারী প্রতারণা বা কোন ফৌজদারী অপরাধে দণ্ডিত হয়।

৬৯। **তদন্ত।**—প্রবিধান ৭০ এর অধীন তদন্ত অনুষ্ঠান ব্যতীত কোন মিউচ্যুয়াল ফান্ডের নিবন্ধন স্থগিত বা বাতিল করার আদেশ প্রদান করা হইবে না।

৭০। **তদন্ত অনুষ্ঠান পদ্ধতি।**—(১) প্রবিধান ৬৯ এর অধীন তদন্ত অনুষ্ঠানের জন্য কমিশন একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করিবে।

(২) তদন্তকারী কর্মকর্তা সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ড উহার স্পনসর, সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী, ট্রাস্টি ও হেফাজতকারীকে উহাদের স্ব স্ব নিবন্ধীকৃত অফিস, বা ব্যবসার প্রধান স্থানে তদন্ত অনুষ্ঠান সংক্রান্ত নোটিশ প্রদান করিবে।

(৩) উপ-প্রবিধান (২) এর অধীন নোটিশ প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ড উহার স্পন্সর, সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী, ট্রাস্টি ও হেফাজতকারী উক্ত নোটিশের জবাব এবং তদন্তকারী কর্মকর্তা বা কমিশনের চাহিদা মোতাবেক প্রামাণ্য কাগজপত্র ও সাক্ষ্য তদন্তকারী কর্মকর্তার নিকট পেশ করিবে।

(৪) তদন্তকারী কর্মকর্তা সংশ্লিষ্ট ব্যক্তিকে শুনানীর উপযুক্ত সুযোগ প্রদান করিবেন যাহাতে তিনি উপ-প্রবিধান (৩) এর অধীন পেশকৃত তাহার জবাবের পক্ষে বক্তব্য পেশ করিতে পারেন।

(৫) যাহার বিরুদ্ধে তদন্ত অনুষ্ঠিত হইবে তিনি নিজে অথবা তাহার পক্ষে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি উপ-প্রবিধান (৪) এর উদ্দেশ্যে তদন্তকারী কর্মকর্তার নিকট হাজির হইয়া বক্তব্য পেশ করিতে পারিবেন।

(৬) তদন্তকারী কর্মকর্তা প্রয়োজন মনে করিলে তদন্তাধীন বিষয় উপস্থাপনের জন্য একজন প্রেজেন্টিং অফিসার নিয়োগের জন্য কমিশনকে অনুরোধ করিতে পারিবেন।

(৭) সকল আনুসংগিক কাগজপত্র এবং সংশ্লিষ্ট ব্যক্তির বক্তব্য বিবেচনা করিয়া তদন্তকারী কর্মকর্তা কমিশনের নিকট প্রতিবেদন দাখিল করিবেন এবং উক্ত প্রতিবেদনে প্রস্তাবিত শাস্তি ও শাস্তি প্রদানের ভিত্তি ও যৌক্তিকতা উল্লেখ করিবেন।

৭১। **কারণ দর্শানো নোটিশ ও আদেশ।**—(১) তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন প্রাপ্তির পর কমিশন উহা বিবেচনা করিবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির প্রতি তদন্তকারী কর্মকর্তার সুপারিশকৃত শাস্তি কেন আরোপ করা হইবে না উহার কারণ দর্শানোর জন্য উক্ত ব্যক্তিকে নোটিশ প্রদান করিবে।

(২) উপ-প্রবিধান (১) এর অধীন কারণ দর্শানো নোটিশ প্রাপ্তির ২১ দিনের মধ্যে সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ড, স্পন্সর, সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী, ট্রাষ্টি বা হেফাজতকারী কমিশনের নিকট উহার জবাব প্রদান করিবে।

(৩) উপ-প্রবিধান (২) এর অধীন কারণ দর্শানো নোটিশের জবাব প্রাপ্তির ত্রিশ দিনের মধ্যে কমিশন উহার বিবেচনা অনুযায়ী যথোপযুক্ত আদেশ প্রদান করিবে এবং সংশ্লিষ্ট মিউচ্যুয়াল ফান্ডকে উহার কপি প্রদান করিবে।

(৪) উপ-প্রবিধান (৩) এর অধীন প্রদত্ত আদেশ স্বয়ংসম্পূর্ণ হইবে এবং উহাতে উক্তরূপ আদেশ প্রদানের যৌক্তিকতা ও কারণসমূহের উল্লেখ থাকিবে।

৭২। **মিউচ্যুয়াল ফান্ডের নিবন্ধন স্থগিত ও বাতিল করার ফলাফল।**—(১) কোন মিউচ্যুয়াল ফান্ডের নিবন্ধন স্থগিত করা হইলে স্থগিতকালীন মেয়াদে উক্ত ফান্ড তৎসম্পর্কিত যাবতীয় কর্মকান্ড পর্যালোচনা হইতে বিরত থাকিবে।

(২) কোন মিউচ্যুয়াল ফান্ডের নিবন্ধন বাতিল করা হইলে বাতিল হইবার তারিখ হইতে উক্ত ফান্ড তৎসম্পর্কিত সকল প্রকার কাজকর্ম ও লেনদেন হইতে বিরত থাকিবে।

৭৩। **স্থগিত ও বাতিল আদেশ সংবাদপত্রে প্রকাশ।**—প্রবিধান ৭১ এর উপ-প্রবিধান (৩) এর অধীন প্রদত্ত কোন স্থগিত বা বাতিল আদেশ কমিশন কর্তৃক ন্যূনপক্ষে দুইটি জাতীয় দৈনিক সংবাদপত্রে প্রকাশ করিতে হইবে।

৭৪। **আপীল।**—কমিশনের কোন সদস্য বা কর্মকর্তা কর্তৃক প্রদত্ত কোন আদেশে কোন ব্যক্তি সংক্ষুব্ধ হইলে তিনি কমিশনের নিকট সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (আপীল) প্রবিধানমালা, ১৯৯৫ অনুযায়ী আপীল করিতে পারিবেন।

## তফসিল-১

[প্রবিধান ২(১)(চ) দ্রষ্টব্য]

### ফরমসমূহ

### ফরম-'ক'

[প্রবিধান ৩(২), ১৮(১) ও ২৬(১) দ্রষ্টব্য]

### মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধনের আবেদনপত্র

আবেদনকারীর নাম

---

যোগাযোগ করিতে হইবে এমন ব্যক্তির নাম/প্রতিপালনকারী কর্মকর্তার (Compliance Officer) নাম

---

টেলিফোন নং ফ্যাক্স নং

ফরম পূরণের নির্দেশাবলী

১. আবেদনকারী অবশ্যই একটি পূর্ণাংগ আবেদনপত্র যথাযথ সহায়ক প্রমাণপত্রাদিসহ কমিশনের নিকট দাখিল করিবেন।

২. লক্ষ্য রাখিতে হইবে যে, এই আবেদনপত্র যাহাতে প্রবিধানমালার সহিত সামঞ্জস্য রাখিয়া পূরণ করা হয়।

৩. নিবন্ধনের জন্য আবেদনপত্র সর্বাংশে পূর্ণাংগ হইলে বিবেচনা করা হইবে।

৪. উত্তরমালা টাইপ/ছাপার অক্ষরে হইতে হইবে।

৫. যে সকল তথ্য বিস্তারিতভাবে উল্লেখ করিতে হইবে তাহা পৃথক কাগজে লিখিয়া আবেদনপত্রের সহিত সংযুক্ত করা যাইবে।

৬. আবেদনপত্র অবশ্যই স্বাক্ষরযুক্ত এবং সমুদয় স্বাক্ষর মূল (Original) হইতে হইবে।

সংযোজনী ১

## মিউচ্যুয়াল ফান্ডের স্পন্সর

ফরমের প্রয়োজনীয় তথ্যাবলীঃ

১. স্পন্সরের নাম

২. নিবন্ধীকৃত অফিস/যোগাযোগের ঠিকানা
টেলিফোন নং
টেলেক্স নং
ফ্যাক্স নং

৩. যাহার সহিত যোগাযোগ করিতে হইবে তাহার নাম

৪. স্পন্সরের সংস্থাভুক্তির (incorporation) তারিখ ও স্থান
(সংস্থাভুক্তির (incorporation) সনদপত্রের অনুলিপি সংযুক্ত করিতে হইবে)

৫. স্পন্সরের উদ্দেশ্য
(মেমোরেণ্ডাম ও আর্টিকেল অব এ্যাসোসিয়েশন-এর কপি সংযুক্ত করিতে হইবে)
মূল উদ্দেশ্য
আনুষংগিক উদ্দেশ্য

৬. মূলধন কাঠামো এবং শেয়ারহোল্ডিং-এর ধরন

৭. বর্তমান ব্যবসায় কর্মকাণ্ডের ধারা
কর্মকাণ্ডে কত বৎসরব্যাপী কর্মরত

৮. সংযোজনী ১(ক) ও ১(খ) অনুযায়ী সংক্ষিপ্ত আর্থিক তথ্য
(পাঁচ বৎসরের আর্থিক বিবরণী সংযুক্ত করিতে হইবে)

৯. হিসাব নীতি
(মূল হিসাব নীতিগুলির বিবরণ দিতে হইবে)

১০. পদ্ধতি ও নিয়মাবলী
(কোম্পানীর পদ্ধতি ও নিয়মাবলী এবং কোম্পানীর ব্যবসা পরিচালনার অপরিহার্য আভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার বিবরণ উল্লেখ করিতে হইবে)

১১. সহযোগী সংস্থা/গ্রুপ কোম্পানী/সাবসিডিয়ারীর নাম

১২. স্পন্সরের ব্যবস্থাপনা
কোম্পানীর পরিচালকদের নাম, অভিজ্ঞতা, শিক্ষাগত যোগ্যতা ও পেশা
মূল কর্মকর্তাদের নাম
সাংগঠনিক কাঠামো
সহযোগী সংস্থা, কোম্পানী এবং সাবসিডিয়ারীসমূহের পরিচালক বৃন্দের নাম

১৩. স্পন্সরের ব্যাংকারদের নাম ও ঠিকানা

১৪. স্পন্সরের নিরীক্ষকের নাম ও ঠিকানা

১৫. গত তিন বৎসরের মধ্যে স্পন্সর যেসব মামলা/মকদ্দমায় জড়িত হইয়াছিলেন উহার বিবরণ

সংযোজনী ১ক

## সংক্ষিপ্ত আর্থিক তথ্য

(ক) আয় বিবরণী

আয়ঃ

| | (টাকা) বৎসর ১/২/৩/৪/৫ |
|---|---|
| লভ্যাংশ আয় | |
| বাণিজ্য হইতে মুনাফা | |
| ব্যবস্থাপনা ফি | |
| অন্যান্য আয় | |
| মোট আয় | |
| **ব্যয়ঃ** | |
| পরিচালকদের বেতন পারিশ্রমিক | |
| ট্রাস্টিশীপ ফি | |
| তত্ত্বাবধায়কের ফি | |
| নিবন্ধকের ফি | |
| অন্যান্য ব্যয় | |
| মোট ব্যয় | |
| মোট লাভ | |
| অপচয় | |
| আয়কর পূর্ব নীট লাভ | |
| আয়কর | |
| আয়কর বাদ নীট লাভ | |
| লভ্যাংশ | |
| অবন্টনকৃত (retained) লাভ | |

সংযোজনী ১খ

(খ) সম্পদ এবং দায়

(টাকা)

| | | বৎসর ১/২/৩/৪/৫ |
|---|---|---|
| সম্পদ : | | |
| স্থায়ী সম্পদ : | মোট মূল্য | |
| | অবচয় | |
| | নীট মূল্য | |
| চলতি সম্পদ : | বিনিয়োগ* | |
| | অন্যান্য (উল্লেখ করুন) | |
| | নগদ এবং ব্যাংক ব্যালেন্স | |
| বাদ : | চলতি দায় ও সঞ্চিতি | |
| নীট সম্পদ | | |
| অর্থায়নের উৎস : | | |
| | ইস্যুকৃত এবং পরিশোধিত মূলধন | |
| | ফ্রি রিজার্ভ | |
| | (পুনঃ মূল্যায়ন রিজার্ভ ব্যতীত) | |
| | পুনঃ মূল্যায়ন রিজার্ভ | |
| | মোট | |

*বিনিয়োগের সম্পূর্ণ তথ্য প্রদান করুন

সংযোজনী-২

## মিউচ্যুয়াল ফান্ডের ট্রাষ্টিশীপ

১. যদি মিউচ্যুয়াল ফান্ডের ট্রাষ্টিশীপ একটি ট্রাষ্ট কোম্পানীর সহিত হয় তাহা হইলে অনুগ্রহপূর্বক নিম্নবর্ণিত তথ্য প্রদান করুনঃ—

(ক) অনুমোদনের জন্য খসড়া স্মারকলিপি ও পরিমেল নিয়মাবলী

(খ) কোম্পানীর উদ্দেশ্য

(গ) ট্রাস্ট কোম্পানীর পরিচালকবৃন্দের নাম, বয়স, অভিজ্ঞতা এবং যোগ্যতা

(ঘ) মূল কর্মকর্তাবৃন্দের নাম

(ঙ) পদ্ধতি, কার্যপরিচালনার প্রণালী ও রেকর্ড রক্ষণাবেক্ষণ

(চ) নিরীক্ষকদের এবং ব্যাংকারদের নাম

২. যদি মিউচ্যুয়াল ফান্ডের ট্রাষ্টিশীপ একটি ডিবেঞ্চার ট্রাষ্টি, ব্যাংক অথবা আর্থিক প্রতিষ্ঠানের সহিত হয় তাহা হইলে নিম্নবর্ণিত তথ্য প্রদান করুনঃ—

(ক) প্রতিষ্ঠানের নাম

(খ) ঠিকানা/টেলিফোন/টেলেক্স/ফ্যাক্স নং

(গ) যাহার সহিত যোগাযোগ করিতে হইবে তাহার নাম

(ঘ) প্রাসংগিক তথ্য (যেমনঃ কোম্পানী বা ট্রাষ্টের সংখ্যা যাহার জন্য ট্রাষ্টি হিসাবে কাজ করিয়াছে বা করিতেছে, সেই সব কোম্পানী, ট্রাষ্টের নাম, ট্রাষ্টি হিসাবে অভিজ্ঞতার মেয়াদ, ব্যবসার মোট পরিমাণ, গত তিন বছরের ট্রাষ্টিশীপ পারিশ্রমিকের বিবরণী, ট্রাষ্টিশীপ কার্যাবলী পালনের জন্য প্রাতিষ্ঠানিক কাঠামো যাহার মধ্যে নথি রক্ষণাবেক্ষণ ও কম্পিউটার সুবিধাদি অন্তর্ভুক্ত, ইহাছাড়া ডিবেঞ্চার ট্রাষ্টির ক্ষেত্রে, আসল ও সুদ পরিশোধে অক্ষম কোম্পানীর সংখ্যা এবং ডিবেঞ্চার ট্রাষ্টি কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহও উল্লেখ করুন।)

৩. যদি মিউচ্যুয়াল ফান্ডের ট্রাষ্টিশীপ বোর্ড অব ট্রাষ্টির-এর সহিত হয় তাহা হইলে নিম্নের বিষয় সংক্রান্ত তথ্য প্রদান করুনঃ—

(ক) বোর্ড অব ট্রাষ্টি-র সদস্যদের নাম

(খ) উক্ত সদস্যদের বয়স, অভিজ্ঞতা, যোগ্যতা এবং পেশা

(গ) স্পন্সর অথবা স্পন্সরের কোন সহযোগীর সহিত বোর্ড অব ট্রাষ্টি-র সদস্যদের সম্পর্ক

খসড়া ট্রাস্ট চুক্তি

৪. খসড়া ট্রাস্ট চুক্তিতে অন্যান্য বিষয়ের মধ্যে নিম্নোক্ত বিষয়গুলি অন্তর্ভুক্ত থাকিবেঃ—

(ক) তহবিলের সম্পদ সংরক্ষণের জন্য ট্রাস্টির অধিকার, দায়িত্বসমূহ এবং আইনগত বাধ্য-বাধকতা।

(খ) একটি বিবৃতি যেখানে বিনিয়োগ অনুমোদিত খাতে (kind) ও সীমাতে করা হইবে বলিয়া উল্লেখ থাকিবে।

(গ) তহবিল ব্যবস্থাপক অর্থাৎ সম্পদ ব্যবস্থাপনা কোম্পানীর অধিকার, দায়িত্বসমূহ এবং আইনগত বাধ্যবাধকতা।

(ঘ) বিনিয়োগ, ইউনিটের সৃষ্টি, ইস্যু বাতিলকরণ, ইউনিটের মূল্য নির্ধারণ ও পরিশোধ-করণ (redemption) এবং ক্লোজ-এনডেড স্কীমের ইউনিটসমূহের তালিকা প্রস্তুত-করণ, পারিশ্রমিক প্রদানসহ তহবিলের ব্যয়সমূহ, আয় ও লাভ বিভাজন এবং হিসাব সংক্রান্ত নীতিমালা।

(ঙ) বিক্রয় প্রস্তাব ও বিজ্ঞাপনে স্কীম ও বিনিয়োগের উদ্দেশ্য প্রদর্শন (Disclosure) এবং তহবিলের বিবিধ স্কীমে বিনিয়োগ এবং বাৎসরিক ও ষান্মাসিক রিপোর্ট সংক্রান্ত নীতিমালা।

(চ) সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী হইতে ত্রৈমাসিক প্রতিবেদন ও প্রয়োজনীয় তথ্য ট্রাস্টি কর্তৃক পাওয়ার অধিকার।

(ছ) সম্পদ ব্যবস্থাপনা কোম্পানীর ইউনিটের মূল্য নির্ধারণ, তহবিলের প্রাপ্তি ও পরি-শোধ এবং তহবিলের আয়ের যথাযথ হিসাব, অনুমোদিত ব্যয় ও বিতরণ তৎক্ষণাৎ পরীক্ষা করিয়া দেখার অধিকার।

(জ) ট্রাস্ট চুক্তিটি জনগণের পরিদর্শনের জন্য উন্মুক্ত রাখা।

সংযোজনী-৩

## সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী

**সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী যদি বর্তমান কোন কোম্পানী না হয়ঃ**

১. সম্পদ ব্যবস্থাপনা কোম্পানীর নাম

২. প্রস্তাবিত নিবন্ধিত অফিস/যোগাযোগের ঠিকানা
টেলিফোন নং.................
টেলেক্স নং...................
ফ্যাক্স নং.....................

৩. যাহার সহিত যোগাযোগ করিতে হইবে তাহার নাম

৪. সম্পদ ব্যবস্থাপনা কোম্পানীর প্রস্তাবিত উদ্দেশ্য
(খসড়া মেমোরেন্ডাম ও আর্টিকেল অব এসোসিয়েশন অনুমোদনের জন্য সংযুক্ত করিতে হবে)
প্রধান উদ্দেশ্য
আনুষঙ্গিক উদ্দেশ্য

৫. ক. প্রস্তাবিত মূলধন কাঠামো
খ. কোম্পানীর নীট সম্পদ (net worth)
(নিরীক্ষকদের সার্টিফিকেট সংযুক্ত করিতে হইবে)

৬. সম্পদ ব্যবস্থাপনা কোম্পানীর প্রস্তাবিত পদ্ধতি ও নীতিমালা।
(কোম্পানীর প্রস্তাবিত পদ্ধতি ও নীতিমালা এবং কোম্পানীর ব্যবসা পরিচালনায় প্রয়োজনীয় আভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার বিবরণ সংযুক্ত করিতে হইবে)

৭. সহযোগী সংস্থা/গ্রুপ কোম্পানী/সাবসিডিয়ারিসমূহের নাম

৮. সম্পদ ব্যবস্থাপনা কোম্পানীর ব্যবস্থাপনা
কোম্পানীর পরিচালকদের নাম, অভিজ্ঞতা, শিক্ষাগত যোগ্যতা এবং পেশা
মুখ্য কর্মকর্তাদের নাম
প্রস্তাবিত সাংগঠনিক কাঠামো
সহযোগী সংস্থা, কোম্পানী এবং সাবসিডিয়ারীসমূহের পরিচালকবৃন্দের নাম

সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী যদি বর্তমান কোন কোম্পানী হয়ঃ

১. সম্পদ ব্যবস্থাপনা কোম্পানীর নাম

২. নিবন্ধিত অফিস/যোগাযোগের ঠিকানা
টেলিফোন নং.................
টেলেক্স নং...................
ফ্যাক্স নং.....................

৩৹ যাহার সহিত যোগাযোগ করিতে হইবে তাহার নাম

৪৹ সম্পদ ব্যবস্থাপনা কোম্পানীর সংস্থাভুক্তির (incorporation) তারিখ ও স্থান (সংস্থাভুক্তির সার্টিফিকেটের একটি কপি সংযুক্ত করিতে হইবে)

৫৹ সম্পদ ব্যবস্থাপনা কোম্পানীর উদ্দেশ্য
(মেমোরান্ডাম এবং আর্টিকেল অব এসোসিয়েশন সংযুক্ত করিতে হইবে)
প্রধান উদ্দেশ্য
আনুষঙ্গিক উদ্দেশ্য
(মেমোরান্ডাম ও আর্টিকেল অব এসোসিয়েশনে কমিশনের অনুমোদন প্রয়োজন হইবে এবং বর্তমান মেমোরান্ডাম ও আর্টিকেল অব এসোসিয়েশনে প্রয়োজনীয় সংশোধন করিতে হইবে)

৬৹ মূলধন কাঠামো এবং শেয়ার হোল্ডিং-এর ধরন
(সর্বশেষ তারিখ অনুযায়ী)
কোম্পানীর নীট সম্পদ (net worth) ও অর্থায়নের উৎস
(সর্বশেষ তারিখ অনুযায়ী)

৭৹ বর্তমান ব্যবসায় কর্মকাণ্ডের ধারা
কর্মকাণ্ডে কত বৎসরব্যাপী কর্মরত

৮৹ সংক্ষিপ্ত আর্থিক তথ্য
সংযোজনী ৩'ক' এবং৩'খ' অনুযায়ী
(তিন বৎসরের আর্থিক বিবরণী সংযুক্ত করিতে হইবে)

৯৹ হিসাব নীতিমালা
(উল্লেখযোগ্য হিসাব নীতিমালার বিবরণ প্রদান করিতে হইবে)

১০৹ পদ্ধতি এবং নীতিমালা
(কোম্পানীর পদ্ধতি ও নীতিমালা এবং কোম্পানীর ব্যবসা পরিচালনার প্রয়োজনীয় আভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার বিবরণ সংযুক্ত করিতে হইবে)

১১৹ সহযোগী সংস্থা/গ্রুপ কোম্পানী/সাবসিডিয়ারীসমূহের নাম

১২৹ সম্পদ ব্যবস্থাপনা কোম্পানীর ব্যবস্থাপনা
সম্পদ ব্যবস্থাপনা কোম্পানীর পরিচালকদের নাম, অভিজ্ঞতা, শিক্ষাগত যোগ্যতা এবং পেশা
মুখ্য কর্মকর্তাদের নাম
সাংগঠনিক কাঠামো
সহযোগী সংস্থা, কোম্পানী এবং সাবসিডিয়ারীসমূহের পরিচালকবৃন্দের নাম

১৩৹ সম্পদ ব্যবস্থাপনা কোম্পানীর ব্যাংকারদের নাম ও ঠিকানা

১৪৹ সম্পদ ব্যবস্থাপনা কোম্পানীর নিরীক্ষকদের নাম ও ঠিকানা

১৫৹ বিগত তিন বৎসরের মধ্যে সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী মামলা বা মোকদ্দমায় জড়িত হইলে তাহার বিবরণ।

সংযোজনী ৩ক

সংক্ষিপ্ত আর্থিক তথ্য

ক· আয়ের বিবরণ

(টাকা)
বৎসর
১২৩৪৫

**আয় ঃ**

লভ্যাংশ আয়
বাণিজ্য হইতে মুনাফা
ব্যবস্থাপনা ফি
অন্যান্য আয়
মোট আয়

**মোট ব্যয় ঃ**

পরিচালকদের পারিশ্রমিক
ট্রাস্টিশীপ ফি
হেফাজতকারী ফি
রেজিষ্ট্রার ফি
অন্যান্য ব্যয়
মোট ব্যয়

মোট লাভ
অবচয়
আয়কর পূর্বে নীট লাভ
আয়কর
আয়কর বাদ নীট লাভ
লভ্যাংশ
অবন্টনকৃত (retained) লাভ

সংযোজনী ৩খ

খ. সম্পদ এবং দায়ের বিবরণ

**সম্পদ :**

স্থায়ী সম্পদ

মোট মূল্য

অবচয়

নীট মূল্য

**চলতি সম্পদ :**

বিনিয়োগ*

অন্যান্য (উল্লেখ করুন)

নগদ এবং ব্যাংক উদ্বৃত্ত

**বাদ :**

চলতি দায় ও সঞ্চিতি

নীট সম্পদ (net worth)

**অর্থায়নের উৎস :**

ইস্যুকৃত এবং পরিশোধিত মূলধন

ফ্রি রিজার্ভ

(পুনঃ মূল্যায়ন রিজার্ভ বাদে)

পুনঃ মূল্যায়ন রিজার্ভ

**মোট**

*বিনিয়োগের পূর্ণাংগ বিবরণ সংযুক্ত করিতে হইবে।

সংযোজনী-৪

## হেফাজতকারী (Custodian)

১· প্রতিষ্ঠানের নাম

২· ঠিকানা/টেলিফোন/টেলেক্স/ফ্যাক্স নম্বর

৩· যাহার সহিত যোগাযোগ করিতে হইবে তাহার নাম

৪· প্রাসঙ্গিক তথ্য (যেমনঃ কোম্পানী বা ট্রাস্টের সংখ্যা যার জন্য হেফাজতকারী হিসাবে কাজ করিয়াছে বা করিতেছে; ঐ কোম্পানী বা ট্রাস্টগুলির নাম; হেফাজতকারী হিসাবে অভিজ্ঞতার মেয়াদ এই যাবৎ কি পরিমাণ ব্যবসা পরিচালনা করা হইয়াছে, প্রাপ্ত ফি ট্রাস্টিশীপ কাজকর্ম পরিচালনার জন্য সাংগঠনিক অবকাঠামো যাহার মধ্যে নথি রক্ষণাবেক্ষণ ও কম্পিউটার সুবিধা অন্তর্ভুক্ত।)

আমরা এই মর্মে স্বীকার ও ঘোষণা করিতেছি যে, এই নিবন্ধন ফরম এবং সংযুক্ত কপিতে সরবরাহকৃত তথ্য পূর্ণাংগ এবং সত্য।

আমরা আরও স্বীকার করিতেছি যে, নিবন্ধন ফরম দাখিলের পরবর্তী তারিখ হইতে যদি কোন তথ্যের পরিবর্তন হয় তাহা অবশ্যই কমিশনকে এক সপ্তাহের মধ্যে অবহিত করিব।

আমরা আরও স্বীকার করিতেছি যে, আমরা সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) প্রবিধানমালা, ১৯৯৭ এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ (১৯৯৩ সনের ১৫ নং আইন) মানিয়া চলিতে বাধ্য থাকিব।

আমরা আরও স্বীকার করিতেছি যে, নিবন্ধনের শর্ত অনুযায়ী সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন প্রদত্ত বিভিন্ন সময়ের পরিচালন আদেশ/নির্দেশাবলী মানিয়া চলিব।

পক্ষে ............................................................

আবেদনকারী/স্পন্সরের নাম

তারিখঃ

স্থানঃ

ফরম 'খ'

[প্রবিধান ৯(২) দ্রষ্টব্য]

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন

মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধন সার্টিফিকেট

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) প্রবিধানমালা, ১৯৯৭ এর প্রবিধান ৯ এর উপ-প্রবিধান (২) এর বিধান মোতাবেক সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন........................কে একটি মিউচ্যুয়াল ফান্ড হিসাবে নিবন্ধন করিয়া অত্র নিবন্ধন সার্টিফিকেট প্রদান করিল।

অত্র মিউচ্যুয়াল ফান্ড নিবন্ধন কোড এম এফ/ / /

তারিখ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের পক্ষে,

তফসিল-২

[প্রবিধান ৪, ৯(১), ১০(১) দ্রষ্টব্য]

মিউচ্যুয়াল ফান্ড কর্তৃক পরিশোধযোগ্য

ফি

| | |
|---|---|
| আবেদন ফি | ১,০০০ টাকা |
| নিবন্ধন ফি | ১,০০,০০০ টাকা |
| বার্ষিক ফি | ৫০,০০০ টাকা |

## তফসিল ৩

[প্রবিধান ১৬(১) দ্রষ্টব্য]

### ট্রাস্ট দলিলের বিষয়বস্তু

ট্রাস্ট দলিলে নিম্নোক্ত বিষয়সমূহের উল্লেখ থাকিতে হইবে, যথা :—

১· (ক) মিউচ্যুয়াল ফান্ডের ট্রাস্টি বোর্ডের সদস্য হিসাবে একজন ট্রাস্টি অন্যান্য কোম্পানী, প্রতিষ্ঠান বা আর্থিক মধ্যস্থতাকারী অথবা কোন সংস্থার (যাহাদের সহিত তাহার সম্পর্ক বিদ্যমান) সাথে প্রয়োজনীয় দূরত্ব (arm's length relationship) বজায় রাখিবেন।

(খ) ট্রাস্টি বোর্ডের সদস্য ট্রাস্টি বোর্ডের সভায় অথবা বিনিয়োগ উদ্দেশ্যে কোন সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায়, যেখানে তাহার স্বার্থজড়িত সেখানে অংশগ্রহণ করিবেন না।

(গ) ট্রাস্টি বোর্ডের সকল সদস্য অন্য যে কোন কোম্পানী, প্রতিষ্ঠান, আর্থিক মধ্যবর্তী সংস্থা বা কোন কর্পোরেট সংস্থায় পরিচালক, অংশীদার, অথবা অন্য কোন পদে থাকিবার তাহার সংশ্লিষ্টতার কথা অবশ্যই কমিশনকে অবহিত করিবেন।

২· ট্রাস্ট চুক্তিপত্রে ন্যূনতম সংখ্যক ট্রাস্টি সংখ্যা অবশ্যই উল্লেখ থাকিতে হইবে।

৩· ট্রাস্ট চুক্তিপত্রে এই মর্মে অবশ্যই উল্লেখ থাকিতে হইবে যে ট্রাটিগণ মিউচ্যুয়াল ফান্ডের স্কীমসমূহের সকল মূলধনী সম্পত্তি তাহাদের তত্ত্বাবধানে বা নিয়ন্ত্রণে রাখিবেন এবং ইউনিট হোল্ডারদের পক্ষে তাহা 'ট্রাস্ট' হিসাবে রাখিবেন।

৪· ট্রাস্ট চুক্তিপত্রে উল্লেখ থাকিবে যে, ইউনিট হোল্ডারদের ট্রাস্ট সম্পত্তিতে কেবলমাত্র সংশ্লিষ্ট স্কীমে তাহাদের ব্যক্তিগত হোল্ডিং অনুযায়ী বেনিফিসিয়াল ইন্টারেস্ট থাকিবে।

৫· ট্রাস্ট চুক্তিপত্রে উল্লেখ থাকিবে যে, ইউনিট হোল্ডারদের স্বার্থে কাজ করা ট্রাস্টিগণের দায়িত্ব।

৬· ট্রাস্ট চুক্তিপত্রে উল্লেখ থাকিবে যে, বোর্ডের নির্দেশ অনুযায়ী ট্রাস্টিগণ বোর্ড ও ইউনিট হোল্ডারগণকে তথ্য সরবরাহ বা তথ্য সরবরাহের ব্যবস্থা করিবেন।

৭· ট্রাস্ট চুক্তিপত্রে উল্লেখ থাকিবে যে, ট্রাস্টিগণ কমিশনের অনুমোদনক্রমে একটি সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী নিয়োগ করিবে যে ট্রাস্টি এবং কমিশনের অনুমোদন প্রাপ্তির পর মিউচ্যুয়াল ফান্ডের জন্য স্কীম গ্রহণ করিবে এবং ট্রাস্ট চুক্তিপত্রের বিধান অনুযায়ী বিভিন্ন স্কীমের তহবিল পরিচালনা করিবে। ট্রাস্টি এতদুদ্দেশ্যে সম্পদ ব্যবস্থাপনা কোম্পানীর সহিত একটি বিনিয়োগ ব্যবস্থাপনা চুক্তি করিবে এবং তাহা ট্রাস্ট চুক্তিপত্রের সহিত সংযুক্ত করিবে।

৮· ট্রাস্ট চুক্তিপত্রে উল্লেখ থাকিবে যে, সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী পরিচালিত বিভিন্ন স্কীমের তহবিল চুক্তিপত্র ও প্রবিধান অনুযায়ী পরিচালিত ও ব্যবহৃত হইতেছে তাহা নিশ্চিত করিতে যুক্তিসংগত যত্নবান হওয়া ট্রাস্টিগণের দায়িত্ব।

৯· ট্রাস্ট চুক্তিপত্রে অবশ্যই উল্লেখ থাকিবে যে, ট্রাস্টিগণ নির্ধারিত কারণের ভিত্তিতে কমিশনের অনুমোদন সাপেক্ষে প্রবিধান অনুযায়ী সম্পদ ব্যবস্থাপনা কোম্পানীকে বরখাস্ত করিবার অধিকার সংরক্ষণ করিবে।

১০· ট্রাস্ট চুক্তিপত্রে উল্লেখ থাকিবে যে, প্রবিধান অনুযায়ী কমিশনের অনুমোদনক্রমে ট্রাস্টিগণ একজন হেফাজতকারী নিয়োগ করিতে পারিবেন যাহার মিউচ্যুয়াল ফান্ড সম্পর্কিত বিভিন্ন কর্মকান্ড পরিদর্শনের দায়িত্ব ট্রাস্টির উপর বর্তাইবে এবং ট্রাস্টি এই মর্মে হেফাজতকারীর সহিত একটি চুক্তিপত্র সম্পাদন করিবেন।

১১· ট্রাস্ট চুক্তিপত্রে উল্লেখ থাকিবে যে, মিউচ্যুয়াল ফান্ডের নিরীক্ষক সম্পদ ব্যবস্থাপনা কোম্পানীর নিরীক্ষক হইতে পৃথক হইবে।

১২· ট্রাস্ট চুক্তিপত্রে উল্লেখ থাকিবে যে, ট্রাস্টিগণ স্কীমের অনুকূলে প্রদেয় যে কোন আয় প্রাপ্তি, কর পরিশোধের দাবী এবং ট্রাস্ট গৃহীত হোল্ডারদের যে কোন আয় চুক্তিপত্র ও প্রবিধান অনুযায়ী পরিচালিত হইতেছে কি না তাহা পরিদর্শনের দায়িত্ব গ্রহণ করিবে।

১৩· মূলধন বা রাজস্ব খাতে অর্থ বরাদ্দ সম্পর্কে বিশদ নীতিমালা ট্রাস্ট চুক্তিপত্রে অবশ্যই উল্লেখ থাকিতে হইবে।

১৪· ট্রাস্ট চুক্তিপত্র স্পষ্টভাবে নিষিদ্ধ করিবে যে, ট্রাস্ট সম্পত্তিতে কাহারো অধীনস্ত (encumbered) কোন সম্পদ গ্রহণ করা হইবে না বা এমন কোন সম্পদ গ্রহণ করা হইবে না যাহার মাধ্যমে অসীম দায় গ্রহণ করা হয়।

১৫· ট্রাস্ট চুক্তিপত্র ট্রাস্টি ও কমিশনের পূর্বানুমোদন ব্যতীত মিউচ্যুয়াল ফান্ড ও সম্পদ ব্যবস্থাপনা কোম্পানীকে ঋণ প্রদান বা নিশ্চয়তা দান বা প্রবিধানের পরিপন্থী কোন কাজে জড়িত হওয়া নিষেধ করিবে।

১৬· ট্রাস্টিগণের ট্রাস্টি ফি (যদি প্রদেয় হয়) ট্রাস্ট চুক্তিপত্রে উল্লিখিত থাকিবে।

১৭· ট্রাস্ট চুক্তিপত্রে উল্লেখ থাকিবে যে, কমিশন এবং ইউনিট হোল্ডারগণের পূর্বানুমোদন ব্যতিরেকে ট্রাস্ট চুক্তিপত্রে কোনরূপে সংশোধনী আনা যাইবে না।

১৮· যে কোন ক্ষেত্রে ট্রাস্টি অপসারণের জন্য কমিশনের পূর্বানুমোদন প্রয়োজন হইবে।

## তফসিল ৪

[প্রবিধান ১৭(৫) দ্রষ্টব্য]

## বিনিয়োগ ব্যবস্থাপনা চুক্তির বিষয়বস্তু

**সম্পদ ব্যবস্থাপনা কোম্পানীর দায়িত্ব ও কর্তব্য সম্বলিত বিনিয়োগ ব্যবস্থাপনা চুক্তির নিয়ম ও শর্তাবলী নিম্নে উল্লেখ করা হইল:**

১. কমিশনের পূর্বানুমোদনক্রমে ট্রাস্টিগণ কর্তৃক নিয়োজিত সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী ট্রাস্টিগণের অনুমোদিত মিউচুয়্যাল ফান্ডের বিভিন্ন স্কীম পরিচালনা এবং ট্রাস্ট চুক্তি-পত্র ও প্রবিধান অনুযায়ী বিভিন্ন স্কীমের তহবিল পরিচালনা করিবে।

২. সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী মিউচুয়্যাল ফান্ড পরিচালনা এবং আর্থিক পরামর্শ প্রদান, বাণিজ্যিক ভিত্তিতে গবেষণা এবং বিশ্লেষণ বিনিময় ছাড়া অন্য কোন কাজে অংশ নিবে না। তবে উল্লিখিত কর্মকাণ্ডসমূহ ততক্ষণই সম্পাদন করা যাইবে যতক্ষণ না তাহা তহবিল ব্যবস্থাপনা কর্মকাণ্ডের স্বার্থ পরিপন্থী হয় যদি না ট্রাস্টি ও কমিশনের ভিন্ন-রূপ সিদ্ধান্ত না থাকে।

৩. সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী ট্রাস্ট চুক্তিপত্র এবং প্রবিধানমালা অনুযায়ী বিভিন্ন স্কীমের তহবিল বিনিয়োগ করিবে।

৪. সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী স্কীম সম্পদের এমন কোন অংশ অধীনস্ত (encumbered) করিবে না বা এমন কোন সম্পদ গ্রহণ করিবে না যাহার দায় অসীম।

৫. সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী প্রবিধান পরিপন্থী কোন কর্মকাণ্ড, ঋণ বা নিশ্চয়তা প্রদান করিবে না।

৬. সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী, উহার কোন কর্মকর্তা অথবা মনোনীত কোন ব্যক্তি কর্তৃক কোন ক্ষতি, অথবা আর্থিক ব্যয় সংঘটিত হইলে ট্রাস্ট সম্পত্তি দ্বারা তাহা পূরণ করা যাইবে না।

৭. সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী নিশ্চয়তা প্রদান করিবে যে কোন ইউনিট হোল্ডার, জনগণ, সংবাদপত্র বা সম্ভাব্য মক্কেলের কাছে যোগাযোগের উদ্দেশ্যে আবেদনপত্র, বিক্রয় প্রস্তাব ঘোষণা (দর বা ইন্ড সম্পর্কিত ঘোষণা ব্যতীত) বিজ্ঞাপন, রিপোর্ট বা অন্য কোন মুদ্রিত দ্রব্য ট্রাস্টির লিখিত পূর্বানুমোদন ছাড়া সরবরাহ করিবে না এবং তাহাতে এমন কোন বিবরণ থাকিবে না যাহা ট্রাস্ট চুক্তিপত্র বা ট্রাস্টি ও কমিশনের অনুমোদিত স্কীমের সাথে সংগতিবিহীন।

৮. সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী বিভিন্ন স্কীমের পুনঃক্রয় মূল্য ও নীট সম্পদমূল্য এবং উহা নির্ণয়ের পদ্ধতি ট্রাস্টি ও কমিশন কর্তৃক নির্ধারিত সময়ানুযায়ী বিনিয়োগকারীদের অবহিত করিবে।

৯· সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী তদ্দ্বারা পরিচালিত মিউচ্যুয়াল ফাণ্ডের বিভিন্ন স্কীম পরিচালনা সম্পর্কিত তথ্য, ট্রাস্টিগণের চাহিদা অনুযায়ী তৎকর্তৃক নির্দিষ্ট সময়ে প্রদান করিবে যাহাতে প্রমাণিত হয় যে সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী ট্রাস্ট চুক্তি ও প্রবিধান অনুযায়ী কাজ করিতেছে।

১০· সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী ট্রাস্টি ও কমিশনের নিকট মিউচ্যুয়াল ফাণ্ড স্কীমের কর্ম-কাণ্ড সম্পর্কিত ত্রৈমাসিক প্রতিবেদন অথবা কমিশন বা ট্রাস্টির চাহিদা মোতাবেক মধ্যবর্তী সময়ের প্রতিবেদন দাখিল করিবে।

১১· কমিশনের অনুমোদনক্রমে ট্রাস্টি প্রবিধান অনুযায়ী কোন নির্দিষ্ট কারণের ভিত্তিতে সম্পদ ব্যবস্থাপনা কোম্পানীকে বরখাস্ত করিবার অধিকার সংরক্ষণ করে।

## তফসিল ৫

[প্রবিধান ২৮(২) দ্রষ্টব্য]

### বিজ্ঞাপন নিয়মাবলী

১· একটি বিজ্ঞাপন হইবে সত্যনিষ্ঠ, ন্যায্য ও স্পষ্ট (clear) এবং তাহাতে অসত্য বা বিভ্রান্তিকর কোন বিবৃতি, ধারণা (promise) বা অনুমান (forecast) থাকিবে না।

২· কোন বিজ্ঞাপনকে বিভ্রান্তিমূলক বলিয়া অভিহিত করা হইবে, যদি—

(ক) উহা বিভ্রান্তিকর বিবরণ, যথা ঃ—মিউচ্যুয়াল ফাণ্ডের কর্মকাণ্ড সম্পর্কিত বিবরণ যাহাতে প্রয়োজনীয় বা বিশেষণযুক্ত ব্যাখ্যা নাই এবং যাহা প্রকৃত বিষয়বস্তুর চাইতে কর্ম-কাণ্ডের অতিরঞ্জিত সম্বলিত হয়;

(খ) উহাতে কোন অতীত কাজকর্মের অসত্য চিত্র প্রদান করা হয় অথবা এমনভাবে উহাকে চিত্রায়িত করা হয় যাহাতে মনে হইবে যে অতীতের কোন সাফল্য বা আয় ভবিষ্যতেও লাভ করা যাইবে;

(গ) উহাতে মিউচ্যুয়াল ফাণ্ডের কোন স্কীমে বিনিয়োগ অথবা কোন ইউনিটের মালিকানার মুনাফা বা লাভের বিবরণের সহিত উক্ত স্কীম বা ইউনিটে ঝুঁকি সম্পর্কিত বিবরণের উল্লেখ না থাকে।

৩· বিজ্ঞাপন এমন বিষয় ও ছকে অথবা এমনভাবে ছাপানো যাইবে না যাহা ভুল বুঝাবুঝি সৃষ্টি বা কোন বিবরণীর তাৎপর্য লুকায়িত (disguise) করিতে পারে। বিজ্ঞাপনে এমন কোন বিষয় উল্লেখ থাকিবে না যাহা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে বিনিয়োগকারীদের বিভ্রান্ত করিতে পারে।

৪· বিক্রয় প্রস্তাবে (sales literature) শুধুমাত্র তথ্য থাকিবে যাহা এই নিয়মাবলী অনুযায়ী মিউচ্যুয়াল ফান্ডের বর্তমান বিজ্ঞাপনের অন্তর্নিহিত বক্তব্যের সহিত সংগতিপূর্ণ।

৫· বিজ্ঞাপন এমনভাবে বিন্যস্ত করা হইবে না যাহাতে বিনিয়োগকারীর জ্ঞান বা অভিজ্ঞতা-হীনতার সুযোগ নিয়া তাহাকে শোষণ করা যাইবে। যেহেতু বিনিয়োগকারীগণ আইন ও আর্থিক বিষয়ে দক্ষ নাও হইতে পারেন, সেহেতু বিজ্ঞাপন অবশ্যই স্পষ্ট (clear), সংক্ষিপ্ত ও বোধগম্য হইতে হইবে। কারিগরী ও আইন সম্পর্কিত জটিল শব্দ এবং দুর্বোধ্য ভাষার ব্যাপক ব্যবহার এবং মাত্রাতিরিক্ত বর্ণনা যাহা বিনিয়োগকারীদের বিভ্রান্ত করিতে পারে বর্জন করিতে হইবে।

৬· বিজ্ঞাপনে এমন কোন তথ্য থাকিবে না যাহার যথার্থতা নিরূপণ অনুমান নির্ভর হইবে।

৭· বিজ্ঞাপনে এক তহবিলের সহিত অন্য তহবিলের স্পষ্ট বা অস্পষ্টভাবে তুলনা করা হইবে না যদি না উক্ত তুলনা ন্যায্য হয় এবং প্রাসংগিক তথ্যাবলী বিজ্ঞাপনে উল্লেখ থাকে।

৮· যে মিউচ্যুয়াল ফান্ড ইল্ড (yield) সম্পর্কিত বিজ্ঞাপন প্রদান করিবে, উক্ত বিজ্ঞাপনে মানসম্পন্ন (standardised) সংখ্যা, যথাঃ—নামিক মূল্যের উপর লভ্যাংশের হার; ক্রয় মূল্যের উপর বার্ষিক ইল্ড (yield); এবং চক্রবৃদ্ধি হারে বার্ষিক লাভ (return), ব্যবহার করিতে হইবে।

৯· মিউচ্যুয়াল ফান্ডের সকল বিজ্ঞাপনে নিষ্পত্তিকারী, ট্রাস্টি, ব্যবস্থাপক এবং ফান্ডের আর্থিক উপদেষ্টার নাম অন্তর্ভুক্ত থাকিতে হইবে এবং তাহাদের আইনগত মর্যাদা, সীমিত দায়িত্ব এবং প্রত্যেকের সহিত প্রত্যেকের আইনগত এবং বিভিন্ন কাজ, দায়িত্ব ও কর্তব্য জনিত ভিন্নতা পরিস্কারভাবে উল্লেখ থাকিবে।

১০· সকল বিজ্ঞাপনে পরিস্কারভাবে উল্লেখ থাকিবে যে, মিউচ্যুয়াল ফান্ড ও সিকিউরিটিজ বিনিয়োগের ক্ষেত্রে বাজার ঝুঁকি বিদ্যমান এবং ফান্ডের উদ্দেশ্য যে অর্জিত হইবে তাহার কোন নিশ্চয়তা নাই।

১১· যদি কোন বিজ্ঞাপনে একটি মিউচ্যুয়াল ফান্ড সম্ভাব্য বিনিয়োগকারীদের লভ্যাংশের নিম্ন হারের নিশ্চয়তা দেয় তাহা হইলে ঐরূপ নিশ্চয়তার অনুকূলে সম্পদের বিবরণ প্রদান করিতে হইবে।

১২· যদি কোন বর্তমান মিউচ্যুয়াল ফান্ড বিজ্ঞাপনে উহার অতীত কার্যাবলী তুলিয়া ধরে সেক্ষেত্রে লভ্যাংশের হার নিরূপণের পদ্ধতি উল্লেখ করিতে হইবে এবং এইরূপ বিবৃতি দিতে হইবে যে এইরূপ তথ্য ভবিষ্যৎ ফলাফলের কোন সূচক নহে এবং তাহা অন্যান্য বিনিয়োগের সহিত তুলনা করিবার ভিত্তি হিসাবে পরিগণিত হইবে না।

## তফসিল ৬

[প্রবিধান ৪১ দ্রষ্টব্য]

### বিনিয়োগে বাধা-নিষেধ

১. একটি ক্রেডিট রেটিং এজেন্সী কর্তৃক সিকিউরিটিজ বিনিয়োগ রেটিং করিতে হইবে। যদি সিকিউরিটিজ রেটিং করা না হয়, তাহা হইলে বিনিয়োগের জন্য সম্পদ ব্যবস্থাপনা কোম্পানীর বিশেষ অনুমোদন লাভ করিতে হইবে।

২. মিউচ্যুয়াল ফান্ড কোন উদ্দেশ্যে কোন মেয়াদী ঋণ অগ্রিম প্রদান করিবে না।

৩. ব্যক্তি উদ্যোগে (placed) বিনিয়োগকৃত ডিবেঞ্চার, সিকিউরিটাইজড (securitized) ঋণ এবং অন্যান্য তালিকাভুক্ত ঋণ সিকিউরিটিজে, বর্ধিষ্ণু (growth) স্কীমের ক্ষেত্রে স্কীমের মোট সম্পদের শতকরা দশ ভাগের বেশী হইবে না এবং আয় স্কীমের ক্ষেত্রে উক্ত স্কীমের মোট সম্পদের শতকরা চল্লিশ (৪০) ভাগের বেশী হইবে না।

৪. মিউচ্যুয়াল ফান্ডের কোন একক স্কীমের মোট সম্পদের শতকরা দশ (১০) ভাগের বেশী কোন এক কোম্পানীর শেয়ারে বিনিয়োগ করা যাইবে না।

৫. কোন মিউচ্যুয়াল ফান্ড উহার সকল স্কীমের অধীনে কোন কোম্পানীর পরিশোধিত মূলধনের শতকরা পনের (১৫) ভাগের বেশী মালিকানা গ্রহণ করিবে না।

৬. কোন মিউচ্যুয়াল ফান্ড উহার সকল স্কীমের অধীনে কোন একক কোম্পানীর বা গ্রুপের শেয়ার, ডিবেঞ্চার ও অন্যান্য সিকিউরিটিজে মোট শতকরা বিশ (২০) ভাগের বেশী বিনিয়োগ করিবে না।

৭. কোন মিউচ্যুয়াল ফান্ড উহার সকল স্কীমের অধীনে কোন একক শিল্পে শেয়ার, ডিবেঞ্চার ও অন্যান্য সিকিউরিটিজে মোট সম্পদের শতকরা পঁচিশ (২৫) ভাগের বেশী বিনিয়োগ করিবে না।

তবে শর্ত থাকে যে, যে স্কীম এক বা একাধিক শিল্পে বিনিয়োগ করার উদ্দেশ্যে গঠন করা (floated) হইয়াছে, তাহার ক্ষেত্রে এই বিধান প্রযোজ্য হইবে না যদি এই মর্মে একটি ঘোষণা পত্রে (offer letter) দেওয়া হইয়া থাকে।

৮. কোন মিউচ্যুয়াল ফান্ড এক স্কীম হইতে অন্য স্কীমে বিনিয়োগ স্থানান্তর করিতে পারিবে, যদি—

(ক) তালিকাভুক্ত সিকিউরিটিজের ক্ষেত্রে এইরূপ স্থানান্তর প্রচলিত বাজার মূল্যে স্পটভিত্তিক করা হইয়া থাকে;

(খ) এইভাবে স্থানান্তরিত সিকিউরিটিজ যে স্কীমে স্থানান্তর করা হইয়াছে সে স্কীমের বিনিয়োগ উদ্দেশ্যের সহিত সামঞ্জস্যপূর্ণ হয়।

৯. একই সম্পদ ব্যবস্থাপনা কোম্পানীর এক স্কীম অন্য স্কীমে বিনিয়োগ করা অথবা ধার দেওয়া যাইবে না।

১০· কোন মিউচ্যুয়াল ফান্ডকে বিনিয়োগ করিবার জন্য তহবিল ধার করিতে অনুমতি দেওয়া হইবে না।

১১· কোন স্কীমের প্রাথমিক ইস্যু ব্যয় ঐ স্কীম কর্তৃক সংগৃহীত তহবিলের শতকরা ছয় (৬) ভাগের বেশী হইবে না।

১২· ১ হইতে ১১ অনুচ্ছেদের কোন বিষয় ক্ষুণ্ণ না করিয়া তহবিলের প্রাথমিক ইস্যু ব্যয় ছাড়া, মোট ব্যয় হিসাব বর্ষের সাপ্তাহিক গড়পড়তা নীট সম্পদের শতকরা তিন (৩) ভাগের বেশী চার্জ করা যাইবে না।

## তফসিল ৭

[প্রবিধান ৫৪ দ্রষ্টব্য]

## মিউচ্যুয়াল ফান্ডের

## বার্ষিক প্রতিবেদন

১· **বার্ষিক প্রতিবেদন**

**বার্ষিক প্রতিবেদনে নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকিবে :—**

(ক) তহবিলের বিভিন্ন স্কীম পরিচালনা, ঐ বৎসরের মোট তহবিল এবং তহবিলের ভবিষ্যৎ কর্মসূচী সংক্রান্ত ট্রাস্টি বোর্ডের প্রতিবেদন;

(খ) এই তফসিলের ২, ৩ ও ৪ নম্বর অনুচ্ছেদের সহিত সামঞ্জস্যপূর্ণ ব্যালান্স শীট রাজস্ব হিসাব এবং নগদান্ প্রবাহ বিবরণী;

(গ) এই তফসিলের ৫ নম্বর অনুচ্ছেদ অনুযায়ী নিরীক্ষকের প্রতিবেদন;

(ঘ) নিম্নবর্ণিত বিষয়ে ট্রাস্টি বোর্ডের সংক্ষিপ্ত বিবরণ—

(অ) ট্রাস্টিবৃন্দ ও নিষ্পত্তিকারীর দায়িত্ব ও কর্তব্য;

(আ) প্রতিটি স্কীমের বিনিয়োগ উদ্দেশ্য;

(ই) স্কীমের বিনিয়োগ ভিত্তি ও নীতি;

(ঈ) স্কীম যদি আংশিক বা সম্পূর্ণরূপে শেয়ার, বন্ড, ডিবেঞ্চার এবং অন্য স্ক্রীপ বা সিকিউরিটিতে বিনিয়োগের অনুমতি দেয় যেগুলির দরে হ্রাসবৃদ্ধি ঘটে তাহা হইলে নিম্নরূপ বিবৃতি "ইউনিটের দাম ও পরিশোধিতব্য মূল্য এবং উহা হইতে লব্ধ আয়ে বিনিয়োগের বাজার মূল্যের উঠানামার সহিত হ্রাস-বৃদ্ধি ঘটিবে"।

(ঙ) এই তফসিলের ৬ নম্বর অনুচ্ছেদ অনুযায়ী ইউনিট প্রতি প্রাসংগিক ঐতিহাসিক পরিসংখ্যানের বিবরণ।

(চ) নিম্নরূপ বিবৃতিঃ—

"বর্তমান ও সম্ভাব্য ইউনিট হোল্ডার/বিনিয়োগকারীগণ লিখিত আবেদনের ভিত্তিতে ট্রাস্ট চুক্তিপত্র, বার্ষিক প্রতিবেদন এবং সংশ্লিষ্ট স্কীমের বিষয়বস্তু সংগ্রহ করিতে পারিবেন।"

২. **ব্যালেন্স শীটের বিষয়সমূহ**

(ক) ব্যালেন্স শীটে স্কীমের সম্পদ ও দায়দেনার স্কীমভিত্তিক বিবরণ থাকিবে। এই বিবরণে সংযোজনী ১ক এবং ১খ-এ উল্লিখিত তথ্য থাকিবে। এই বিবরণে অন্যান্য কিছুর মধ্যে বিনিয়োগ মূল্যায়নের হিসাব নীতি এবং অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়গুলি প্রকাশ করা হইবে।

(খ) বিনিয়োগ যদি ক্রয়মূল্যে বা লিখিত মূল্যমানে করা হয় তাহা হইলে প্রত্যেক প্রকার বিনিয়োগের সামষ্টিক বাজারমূল্য পৃথকভাবে নিম্নভাগে উল্লেখ করিতে হইবে; যেমন, ইকুইটি শেয়ার, অগ্রাধিকারযুক্ত শেয়ার, স্বীকৃত স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত রূপান্তরযোগ্য ডিবেঞ্চার, স্বীকৃত স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত এবং ব্যক্তিগতভাবে প্রদত্ত (placed) অরূপান্তরযোগ্য ডিবেঞ্চার বা বন্ড।

(গ) ব্যালেন্সশীটে প্রত্যেক প্রকার বিনিয়োগের ক্ষেত্রে নিষ্ক্রিয় বিনিয়োগের সামষ্টিক চলতি মূল্য ও বাজার মূল্য উল্লেখ করিতে হইবে। একটি বিনিয়োগ তখনই নিষ্ক্রিয় করা হইবে যাহা হইতে মিউচুয়াল ফান্ডের হিসাব বর্ষের শেষ পর্যন্ত দুই বৎসরের বেশী সময় ধরিয়া সুদ বা লভ্যাংশ হিসাবে কিছুই প্রাপ্তি ঘটে নাই।

(ঘ) ব্যালেন্স শীটে নিষ্ক্রিয় বিনিয়োগের মূল্য ঘাটতি/ক্ষতির সঞ্চিতি উল্লেখ করিতে হইবে।

(ঙ) ব্যালেন্স শীটে হিসাব বর্ষ শেষে ইউনিট প্রতি নীট সম্পদ মূল্যের উল্লেখ থাকিবে।

(চ) ব্যালেন্স শীটে প্রতিটি বিষয়ের বিপরীতে পূর্ববর্তী হিসাব বর্ষ শেষের উদ্বৃত্ত অংকের উল্লেখ থাকিবে।

৩. **রাজস্ব হিসাবের বিষয় ঃ**

(ক) রাজস্ব হিসাবে মিউচুয়াল ফান্ডের আয়, ব্যয় এবং উদ্বৃত্ত সম্পর্কিত স্কীমভিত্তিক বিবরণ থাকিবে। এই বিবরণে অত্র তফসিলের সংযোজনী ২ এ উল্লেখিত তথ্য থাকিবে।

(খ) যদি রাজস্ব হিসাবে একই মিউচ্যুয়াল ফান্ডের আন্তঃ স্কীম বিনিয়োগ হস্তান্তরের লাভ বা ক্ষতি থাকে তাহা হইলে ঐ লাভ/ক্ষতির সমষ্টি তৃতীয় পক্ষের নিকট বিনিয়োগ হস্তান্তরের লাভ/ক্ষতির সহিত যৌথভাবে না দেখাইয়া পৃথকভাবে প্রদর্শন করিতে হইবে।

(গ) বিনিয়োগের রাজস্ব ও আয় (লভ্যাংশ ও সুদ সমেত)-এর স্বীকৃত করার হিসাব নীতি অবহিত (disclose) করিতে হইবে।

(ঘ) বিনিয়োগের মূল্যহ্রাস, যাহা উহাদের সামষ্টিক বাজারমূল্য ও চলতি মূল্যের মধ্যে পার্থক্য, যদি তাহার সঞ্চিতি না করা হয় তাহা হইলে রাজস্ব হিসাবে উহা প্রদান করিতে হইবে। বিপরীতভাবে বিনিয়োগের অনাদায়ী লভ্যাংশ যাহা উহাদের সামষ্টিক বাজারমূল্য ও চলতি মূল্যের মধ্যে পার্থক্য তাহা যদি বিদ্যমান থাকে তবে উহা নোট আকারে করিতে হইবে। রাজস্ব হিসাবে উদ্বৃত্ত লাভের লভ্যাংশ ও রিজার্ভে স্থানান্তরের মাধ্যমে বণ্টন প্রদর্শন করিতে হইবে।

৪. নগদান প্রবাহ বিবরণী বিষয় :

(ক) মিউচ্যুয়াল ফান্ডের নগদান প্রবাহ বিবরণীতে অন্তঃপ্রবাহ ও বহিঃপ্রবাহের স্কীম-ভিত্তিক বিবরণ থাকিবে। এই বিবরণে অত্র তফসিলের সংযোজনী ৩ অনুযায়ী তথ্যের উল্লেখ থাকিবে।

(খ) নগদান প্রবাহ বিবরণীতে সকল নগদান অন্তঃপ্রবাহ ও বহিঃপ্রবাহ তিনটি শ্রেণীতে বিভক্ত থাকিবে; শ্রেণীগুলি হইতেছেঃ—পরিচালনা, বিনিয়োগ এবং আর্থিক কর্মকাণ্ড সংক্রান্ত।

(গ) নগদান প্রবাহ বিবরণীতে অর্থ বিবৃতিতে ব্যালেন্স শীট তারিখে সমাপ্ত বর্ষের নগদ উদ্বৃত্ত বা ঘাটতি এবং প্রারম্ভিক ও সমাপ্তি উদ্বৃত্তের সমন্বয়ের উল্লেখ থাকিবে।

৫. নিরীক্ষকের প্রতিবেদন

(১) ট্রাস্ট চুক্তিপত্র অনুযায়ী সকল মিউচ্যুয়াল ফান্ডের হিসাব নিরীক্ষা করিতে হইবে। বার্ষিক প্রতিবেদনের একটি অংশরূপে নিরীক্ষা প্রতিবেদন পরিগণিত হইবে। ইহার সহিত সংক্ষিপ্ত ব্যালেন্স শীট, রাজস্ব হিসাব এবং নগদান প্রবাহ বিবরণী সংযুক্ত থাকিবে। নিরীক্ষকগণ ইউনিট হোল্ডারগণের নিকট নহে, ট্রাস্টিগণের নিকট প্রতিবেদন পেশ করিবেন।

(২) নিরীক্ষক ঘোষণা করিবেন যে—

(ক) তিনি সকল তথ্য ও ব্যাখ্যা পাইয়াছেন কি না যাহা তাহার জ্ঞান ও বিশ্বাস মতে তাহার নিরীক্ষা কাজে প্রয়োজন ছিল; এবং

(খ) ব্যালেন্স শীট, রাজস্ব হিসাব এবং নগদান প্রবাহ বিবরণী তহবিলের হিসাব বহির সহিত সামঞ্জস্যপূর্ণ কি না।

(৩) নিরীক্ষক তাহার মতামত দিবেন যে—

(ক) ব্যালেন্স শীটে ব্যালেন্স শীট তারিখে তহবিলের স্কীমভিত্তিক আর্থিক অবস্থা সত্য ও ন্যায্য কি না।

(খ) রাজস্ব হিসাবে ব্যালেন্স শীট তারিখ পর্যন্ত সমাপ্ত বৎসরের তহবিলের স্কীমভিত্তিক উদ্বৃত্ত/ঘাটতি সত্য ও ন্যায্য কি না।

(গ) নগদান প্রবাহ বিবরণী ব্যালেন্স শীট তারিখ পর্যন্ত সমাপ্ত বৎসরের তহবিলের স্কীমভিত্তিক নগদান অন্তঃপ্রবাহ ও বহিঃপ্রবাহর সত্য ও ন্যায্য কি না।

**৬. ইউনিট প্রতি যথানুপাতিক ঐতিহাসিক পরিসংখ্যান**

এই বিবরণী বিগত ৩ বৎসরের স্কীমভিত্তিক ইউনিট প্রতি পরিসংখ্যান প্রদর্শন করিবে (disclose) :

(ক) নীট সম্পদ মূল্য, ইউনিট প্রতি;

(খ) ইউনিট প্রতি মোট আয়, নিম্নরূপ শ্রেণীতে :

(অ) বিনিয়োগ বিক্রয় হইতে লাভ ছাড়া অন্যান্য আয়, ইউনিট প্রতি;

(আ) বিনিয়োগের আন্তঃস্কীম বিক্রয়/হস্তান্তরের লাভ, ইউনিট প্রতি;

(ই) তৃতীয় পক্ষের নিকট বিনিয়োগ বিক্রয় হইতে লাভ, ইউনিট প্রতি;

(ঈ) গত বৎসরের রিজার্ভ হইতে রাজস্ব হিসাবে স্থানান্তর, ইউনিট প্রতি;

(গ) ইউনিট প্রতি সামষ্টিকভাবে ব্যয়, মূল্যহ্রাস, অবচয় ও অবসান (write off) ইউনিট প্রতি বিনিয়োগ মূল্যহ্রাসের সঞ্চিতি পৃথকভাবে উল্লেখ করিতে হইবে;

(ঘ) নীট আয়, ইউনিট প্রতি;

(ঙ) অনাদায়ী মূল্যবৃদ্ধি/সঞ্চিতিবিহীন মূল্যহ্রাস, ইউনিট প্রতি;

(চ) ইউনিটসমূহ যদি লেনদেন অথবা পুনঃক্রয়/পুনঃবিক্রয় করা হয়, এই বৎসরে ইউনিট প্রতি সর্বোচ্চ ও সর্বনিম্ন দর এবং দর-লাভের অনুপাত (price-earning ratio)।

## সংযোজনী ১ক

### স্কীমভিত্তিক ব্যালেন্স শীটের বিষয়বস্তু

ব্যালেন্স শীটের সম্পদ অংশ

১. ব্যালেন্স শীটে সম্পদকে নিম্নবর্ণিত শ্রেণীতে বিভক্ত করা যাইবে ঃ

— বিনিয়োগ

— জমা

— অন্যান্য চলতি সম্পদ

— স্থায়ী সম্পদ

— স্থগিতকৃত রাজস্ব খরচ

২. বিনিয়োগ

বিনিয়োগের নিম্নলিখিত শ্রেণীসমূহকে তাহাদের সমষ্টিগত চলতি অর্থে পৃথকভাবে উল্লেখ করিতে হইবে

(ক) সাধারণ শেয়ার

(খ) অগ্রাধিকারযুক্ত শেয়ার

(গ) ব্যক্তিগতভাবে প্রদত্ত (placed) ডিবেঞ্চার/বন্ড

(ঘ) স্বীকৃত স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত বা তালিকাভুক্তির অপেক্ষায় আছে এইরূপ ডিবেঞ্চার ও বন্ড।

(ঙ) অগ্রিম পরিশোধিত দাবী

(চ) মেয়াদী ঋণ

(ছ) সরকারী সিকিউরিটিজ (ট্রেজারী বিল সমেত)

(জ) বাণিজ্যিক পত্র (commercial paper)

(ঝ) অন্যান্য

— বিনিয়োগ মূল্যায়নের হিসাব নীতি উল্লেখ করিতে হইবে;

— বিনিয়োগ যদি ক্রয়মূল্যে বা লিখিত মূল্যে প্রদর্শিত হয় তাহা হইলে বিনিয়োগের উপরোল্লিখিত প্রত্যেক শ্রেণীর সমষ্টিগত বাজার মূল্য পৃথকভাবে উল্লেখ করিতে হইবে;

— বিনিয়োগের প্রতিটি শ্রেণীর ক্ষেত্রে নিষ্ক্রিয় বিনিয়োগের সমষ্টিগত বাজার মূল্য এবং প্রদর্শিত মূল্য পৃথকভাবে উল্লেখ করিতে হইবে। মিউচ্যুয়াল ফান্ডের হিসাব বর্ষ শেষে যে সকল বিনিয়োগ দুই বৎসরের বেশী সময় পর্যন্ত সুদ বা লভ্যাংশ অর্জন করিবে না তাহা নিষ্ক্রিয় বলিয়া গণ্য হইবে।

৩· জমা

নিম্নের বিষয়গুলি পৃথকভাবে দেখাইতে হইবে ঃ

— তফসিলী ব্যাংকে জমা।
— কোম্পানী/প্রতিষ্ঠানে জমা
— অন্যান্য

৪· অন্যান্য চলতি সম্পদ

নিম্নের বিষয়গুলি পৃথকভাবে দেখাইতে হইবে ঃ

— চলতি হিসাবে ব্যাংকে জমা
— হাতে নগদ
— বিবিধ দেনাদার
— বিনিয়োগ বিক্রয়ের চুক্তি
— আদায়যোগ্য আয়
— অগ্রিম, জমা ও অগ্রিম পরিশোধিত খরচ
— সেতু ঋণ
— শেয়ার/ডিবেঞ্চার আবেদন অর্থ
— অন্যান্য

৫· স্থায়ী সম্পদ

নিম্নের বিষয়গুলি পৃথকভাবে দেখাইতে হইবে ঃ

— ইজারাকৃত জমি
— নিষ্কর জমি
— অফিস দালানকোঠা
— আসবাবপত্র ও অফিস যন্ত্রপাতি
— অন্যান্য সম্পদ

স্থায়ী সম্পদের উপরে বর্ণিত প্রতিটি শ্রেণীর মূল্য (মোট ব্লক), অবচয়, অবচয়কৃত মূল্য (নীট ব্লক) ঐ বৎসরের সংযোজন ও বিয়োজন পৃথকভাবে উল্লেখ করিতে হইবে।

৬· স্থগিতকৃত রাজস্ব খরচ

— প্রারম্ভিক উদ্বৃত্ত, অবসান (write-off), পরবর্তী বৎসরসমূহের মুলতবী খরচ আলাদাভাবে দেখাইতে হইবে।
— স্থগিতকৃত রাজস্ব খরচ ও উহার অবসান (write-off) সংক্রান্ত হিসাব নীতি উল্লেখ করিতে হইবে।

## সংযোজনী ১'খ'

### স্কীমভিত্তিক ব্যালেন্স শীটের বিষয়বস্তু

ব্যালেন্স শীটের দায় অংশ

১· ব্যালেন্স শীটে দায় নিম্নলিখিত ভাগে বিভক্ত করিতে হইবে :—

ক. ইউনিট মূলধন;

খ. রিজার্ভ ও উদ্বৃত্ত;

গ. ঋণ;

ঘ. চলতি দায় ও সঞ্চিতি।

২· ইউনিট মূলধন

পৃথক করুন—

— প্রারম্ভিক মূলধন;

— ইউনিট মূলধন (ইউনিটের সংখ্যা এবং ইউনিট প্রতি বাহিক মূল্য)।

৩· রিজার্ভ ও উদ্বৃত্ত

পৃথক করুন—

— ইউনিট প্রিমিয়াম রিজার্ভ;

— প্রারম্ভিক মূলধন সম্পর্কিত সাধারণ রিজার্ভ;

— ইউনিট মূলধন সম্পর্কিত সাধারণ রিজার্ভ;

— লভ্যাংশ সমতাকরণ রিজার্ভ;

— অন্যান্য রিজার্ভ (তাহার ধরণ উল্লেখ করিতে হইবে);

— উদ্বৃত্ত লাভ;

— কোন বিনিয়োগের ক্ষতি বা লোকসানের সঞ্চিতি যদি ইউনিট প্রিমিয়াম রিজার্ভে, ডেবিট করার মাধ্যমে করা হয় তাহা হইলে তাহার পরিমাণের সমষ্টি প্রত্যেক বিনিয়োগ শ্রেণীর জন্য পৃথকভাবে উল্লেখ করিতে হইবে।

— প্রারম্ভিক উদ্বৃত্ত, রিজার্ভে বা রিজার্ভ হইতে স্থানান্তর এবং সমাপ্তি উদ্বৃত্ত উপরোল্লিখিত রিজার্ভের প্রত্যেক শ্রেণীর জন্য আলাদাভাবে উল্লেখ করিতে হইবে।

৪· ঋণ

পৃথক করুন

— বন্দোবস্তকারী (settlor) হইতে;

— অন্য বাণিজ্যিক ব্যাংক হইতে;

— অন্যান্যদের হইতে;

যদি উপরোক্ত ঋণসমূহ নিরাপদ হয়, তাহা হইলে সিকিউরিটির ধরণ ও ব্যাপ্তি উল্লেখ করিতে হইবে।

৫· চলতি দায় ও সঞ্চিতি

নিম্নোল্লিখিত চলতি দায় ও সঞ্চিতি পৃথকভাবে উল্লেখ করুন—

চলতি দায় ঃ

— বিবিধ পাওনাদার;

— পরিশোধযোগ্য ঋণের উপর সুদ;

— বিনিয়োগ ক্রয়ের চুক্তি;

— বহি অনুযায়ী ব্যাংক হিসাব হইতে অতিরিক্ত অর্থ গ্রহণ;

— দাবীহীন আয়;

— অন্যান্য।

সঞ্চিতি ঃ

— বিনিয়োগের ক্ষতি/অবচয়ের সঞ্চিতি (বিনিয়োগের প্রতি শ্রেণীর জন্য পৃথকভাবে);

— সন্দেহজনক জমার সঞ্চিতি;

— আদায়যোগ্য সন্দেহজনক আয়ের সঞ্চিতি;

— গ্রাচুইটির সঞ্চিতি;

— প্রারম্ভিক মূলধন ও ইউনিট মূলধনের প্রস্তাবিত বিতরনকৃত আয়;

— অন্যান্য সঞ্চিতি।

## সংযোজনী ২
## রাজস্ব হিসাবের বিষয়বস্তু

আয় ঃ

— লভ্যাংশ;

— সুদ;

— বিনিয়োগ বিক্রয়/পরিশোধ (redemption) (আন্তঃস্কীম হস্তান্তর/বিক্রয় ব্যতীত) হইতে লাভ;

— বিনিয়োগের অন্তঃস্কীম বিক্রয়/হস্তান্তর হইতে লাভ;

— অন্যান্য আয় (ধরন উল্লেখসহ)।

ব্যয় ও লোকসান ঃ

— বিনিয়োগ মূল্যহ্রাসের সঞ্চিতি;

— আদায়যোগ্য আয় সন্দেহমূলক হইলে তাহার সঞ্চিতি;

— সন্দেহমূলক জমা এবং চলতি সম্পদের সঞ্চিতি;

— বিনিয়োগ বিক্রয়/পরিশোধ (redemption) (আন্তঃস্কীম হস্তান্তর/বিক্রয় ব্যতীত) হইতে লোকসান;

— বিনিয়োগের আন্তঃস্কীম বিক্রয়/হস্তান্তরে লোকসান;

— ব্যবস্থাপনা ফি;

— ট্রাস্টি ফি;

— স্টাফ খরচ (বেতন, ভাতা, প্রভিডেন্ট ফান্ডে জমা এবং গ্রাচুইটি ইত্যাদিসহ);

— অফিস ও প্রশাসনিক ব্যয়;

— নিবন্ধন ও স্থানীয় ব্যয়;

— এজেন্ট প্রদত্ত কমিশন;

— প্রচারণা ব্যয়;

— অডিট ফি;

— অন্যান্য পরিচালনা ব্যয়;

— স্থগিত রাজস্ব ব্যয়ের অবসান (write-off);

— স্থায়ী সম্পদের অবচয়;

বিয়োগ ঃ ব্যবস্থাপনা ব্যয় পরিশোধের লক্ষ্যে ইউনিট বিক্রয় হইতে প্রাপ্ত অর্থ।

নোট ঃ

১. রাজস্ব ও বিনিয়োগের আয় (ডিভিডেন্ড ও সুদ সমেত) সংক্রান্ত হিসাব নীতি একটি নোটের মাধ্যমে উল্লেখ করিতে হইবে।

২. বিনিয়োগের সঞ্চিতিবিহীন মূল্যহ্রাস এবং অনাদায়ী মূল্যবৃদ্ধি যাহা সামষ্টিক বাজারমূল্য ও চলমান মূল্যের পার্থক্য বুঝায় তাহা একটি নোটের মাধ্যমে উল্লেখ করিতে হইবে।

৩. রাজস্ব হিসাবে উদ্বৃত্ত লাভের লভ্যাংশ ও রিজার্ভে স্থানান্তরের মাধ্যমে বণ্টন প্রদর্শন করিতে হইবে।

## সংযোজনী-৩

## নগদান প্রবাহ অর্থ বিবরণীর বিষয়বস্তু

পরিচালনা কর্মকান্ড সংক্রান্ত নগদান প্রবাহঃ

- লভ্যাংশ আয়;
- সুদ;
- অন্যান্য আয় (ধরনের উল্লেখসহ);
- ব্যয়;
- পরিশোধিত কর;
- বিতরণকৃত লভ্যাংশ।

বিনিয়োগ কর্মকান্ড সংক্রান্ত নগদান প্রবাহঃ

- বিনিয়োগ ক্রয়;
- বিনিয়োগ বিক্রয় অথবা পরিশোধ (redemption)
- জমা;
- জমা ভাঙ্গানো;
- স্থগিতকৃত রাজস্ব ব্যয়।

আর্থিক কর্মকান্ড সংক্রান্ত নগদান প্রবাহঃ

- ইউনিট মূলধন ইস্যু;
- ঋণ প্রাপ্তি;
- ঋণ পরিশোধ;
- ইউনিট মূলধন পুনঃক্রয়।

তফসিল ৮

[প্রবিধান ৫৪ ও ৫৮ দ্রষ্টব্য]

মিউচ্যুয়াল ফান্ডের

অর্ধ-বার্ষিক আর্থিক ফলাফল

বিজ্ঞপ্তিকৃত সংক্ষিপ্ত রাজস্ব হিসাবের বিষয়বস্তু

মিউচ্যুয়াল ফান্ড

..........................................এ সমাপ্ত অর্ধ-বার্ষিক/সমাপ্ত মেয়াদের রাজস্ব হিসাব

১· আয়

| | চলতি অর্ধ-বার্ষিক | পূর্ববর্তী অর্ধ-বার্ষিক |
|---|---|---|
| ১·১ লভ্যাংশ; | | |
| ১·২ সুদ; | | |
| ১·৩ বিনিয়োগ বিক্রয়/পরিশোধ (redemption); (আন্তঃ স্কীম হস্তান্তর/বিক্রয় বাদে) হইতে লাভ; | | |
| ১·৪ বিনিয়োগের আন্তঃ স্কীম হস্তান্তর/বিক্রয়ে লাভ; | | |
| ১·৫ অন্যান্য আয় (ধরনের উল্লেখসহ)। | | |

২· ব্যয় ও লোকসান

২·১ ব্যবস্থাপনা, ট্রাস্টিশীপ, প্রশাসনিক এবং অন্যান্য পরিচালন ব্যয়;

২·২ বিনিয়োগ মূল্যহ্রাস/লোকসানের সঞ্চিতি;

২·৩ সন্দেহমূলক আয়ের সঞ্চিতি;

২·৪ সন্দেহমূলক জমা/চলতি সম্পদের সঞ্চিতি;

২·৫ বিনিয়োগ বিক্রয়/পরিশোধ (redemption)
(আন্তঃ স্কীম হস্তান্তর/বিক্রয় ব্যতিরেকে) হইতে লোকসান;

২·৬ বিনিয়োগের আন্তঃস্কীম হস্তান্তর/বিক্রয়ে লোকসান।

৩· **মোট নীট লাভ**

বিজ্ঞপ্তিকৃত সংক্ষিপ্ত ব্যালেন্স শীটের বিজ্ঞাপনের বিষয়বস্তু

............................................ মিউচ্যুয়াল ফান্ড

............................................তারিখের ব্যালেন্স শীট

বিভিন্ন স্কীমের নাম............................................

| | চলতি অর্ধ-বৎসর | পূর্ববর্তী অর্ধ-বৎসর |
|---|---|---|
| **দায়** | | |
| ১· ইউনিট মূলধন | | |
| ২· রিজার্ভ এবং উদ্বৃত্ত | | |
| ২·১ ইউনিট প্রিমিয়াম রিজার্ভ | | |
| ২·২ অন্যান্য রিজার্ভ | | |
| ৩· ঋণ ও ধার | | |
| ৩·১ ব্যাংক হইতে | | |
| ৩·২ অন্যদের নিকট হইতে | | |
| ৪· চলতি দায় ও সঞ্চিতি | | |
| ৪·১ বিনিয়োগের লোকসান/মূল্যহ্রাস বা ঘাটতির সঞ্চিতি | | |
| ৪·২ সন্দেহমূলক আয়/জমার সঞ্চিতি | | |
| ৪·৩ প্রস্তাবিত আয় বন্টন | | |
| ৪·৪ অন্যান্য চলতি দায় ও সঞ্চিতি | | |
| মোট | | |

**সম্পদ**

১· বিনিয়োগ

১·১ সাধারণ ও অগ্রাধিকারযুক্ত শেয়ার

১·২ ব্যক্তিগতভাবে প্রদত্ত (placed) ডিবেঞ্চার/বন্ড

১·৩ স্বীকৃত স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত ডিবেঞ্চার ও বন্ড বা তালিকাভুক্তির অপেক্ষায় আছে এইরূপ

১·৪ মেয়াদী ঋণ

১·৫ সরকারী সিকিউরিটিজ

১·৬ অন্যান্য

২· জমা

২·১ তফসিলী ব্যাংকে জমা

২·২ অন্যদের নিকট জমা

৩· অন্যান্য চলতি সম্পদ

৩·১ নগদ ও ব্যাংক উদ্বৃত্ত

৩·২ অন্যান্য

৪· স্থগিতকৃত রাজস্ব ব্যয় যে পরিমাণ অবসায়িত (written-off) হয় নাই

মোট

নোটঃ

১· বিনিয়োগ মূল্যায়নের হিসাব নীতি উল্লেখ করিতে হইবে

২· বিনিয়োগ যদি ক্রয়মূল্যে বা লিখিত মূল্যে প্রদর্শিত হয় তাহা হইলে বিনিয়োগের উপরোল্লিখিত প্রত্যেক শ্রেণীর সমষ্টিগত বাজার মূল্য পৃথকভাবে উল্লেখ করিতে হইবে।

৩· নিষ্ক্রিয় বিনিয়োগের সামষ্টিক প্রদর্শিত মূল্য ও বাজারমূল্যে বিনিয়োগের প্রত্যেক শ্রেণীর জন্য পৃথকভাবে উল্লেখ করিতে হইবে। মিউচ্যুয়াল ফান্ডের হিসাব বর্ষ শেষে যে সকল বিনিয়োগ দুই বৎসরের অধিককাল পর্যন্ত সুদ বা লভ্যাংশ অর্জন করিবে না তাহা নিষ্ক্রিয় বলিয়া গণ্য হইবে।

ডঃ মোহাম্মদ হারুনুর রশীদ

চেয়ারম্যান

সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন।

দেওয়ান দেলওয়ার হোসেন, (অতিরিক্ত নিয়ন্ত্রক), (উপ-নিয়ন্ত্রকের দায়িত্বে নিয়োজিত), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, কর্তৃক মুদ্রিত
মোঃ সিকান্দার আলী মণ্ডল, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।